# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২








**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**
১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০
www.dphe.gov.bd

# মুখবন্ধ

জাতির পিতা সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছিলেন। সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়ন করতে হলে দেশের সকল মানুষের জন্য পানি, স্যানিটেশন, হাইজিন ও বর্জ্য ব্যবস্থাপনা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতকরণে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বদ্ধপরিকর। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-৬ এর অন্যতম একটি লক্ষ্য হল- "পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও সুদৃঢ়করণ"। জনগণের নিকট নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা পৌছানোর লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। এরই ফলশ্রুতিতে বাংলাদেশ নিরাপদ পানি ও স্যানিটেশন কভারেজের দিক দিয়ে সমগ্র দক্ষিণ এশিয়ায় অন্যতম শীর্ষ স্থান দখল করে আছে। বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনাগুলোর রক্ষণাবেক্ষণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রধান দায়িত্ব। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃতে করোনা পরিস্থিতির মধ্যেও দেশের পানি ও স্যানিটেশন কার্যক্রম এগিয়ে যাচ্ছে। ইতিমধ্যে সারাদেশে পানি সরবরাহ ও স্যানিটেশন উন্নয়নে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প অনুমোদিত হয়েছে। এছাড়া সারা দেশে পানির গুণগতমান নিশ্চিত করতে প্রতি জেলায় পানি পরীক্ষাগার স্থাপনের মাধ্যমে খাবার পানির গুনগতমান নিশ্চিতকরনের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। বাংলাদেশ সরকার বিদ্যালয় পর্যায়ে উন্নত স্যানিটেশন ব্যবস্থা সম্প্রসারণের জন্য কাজ করে চলেছে। পানি ও স্যানিটেশন সেক্টরে বিগত দশকে বাংলাদেশ উল্লেখযোগ্য উন্নতি সাধিত হয়েছে যা জাতিসংঘের বিভিন্ন ফোরামে প্রশংসিত হয়েছে।

এ প্রতিবেদনে সংক্ষেপে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিধি এবং অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি তুলে ধরা হয়েছে। এর মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ সম্পর্কে ধারণা লাভ করা সম্ভব হবে। পাশাপাশি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিধি ও কর্মবিন্যাস সম্পর্কে স্বচ্ছ ধারণা পাওয়া যাবে।

এ প্রতিবেদন প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানাই।

17/9/22

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২



**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**

১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০
www.dphe.gov.bd

# বার্ষিক প্রতিবেদন

# ২০২১-২০২২

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০

www.dphe.gov.bd

# মুখবন্ধ

জাতির পিতা সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছিলেন। সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়ন করতে হলে দেশের সকল মানুষের জন্য পানি, স্যানিটেশন, হাইজিন ও বর্জ্য ব্যবস্থাপনা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতকরণে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বদ্ধপরিকর। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-৬ এর অন্যতম একটি লক্ষ্য হল- "পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও সুদৃঢ়করণ"। জনগণের নিকট নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা পৌঁছানোর লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। এরই ফলশ্রুতিতে বাংলাদেশ নিরাপদ পানি ও স্যানিটেশন কভারেজের দিক দিয়ে সমগ্র দক্ষিণ এশিয়ায় অন্যতম শীর্ষ স্থান দখল করে আছে। বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস ও স্বাস্থ্যসম্মত স্যানিটারী ল্যাট্রিন স্থাপনসহ রক্ষণাবেক্ষণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রধান দায়িত্ব। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে করোনা পরিস্থিতির মধ্যেও দেশের পানি ও স্যানিটেশন কার্যক্রম এগিয়ে যাচ্ছে। ইতিমধ্যে সারাদেশে পানি সরবরাহ ও স্যানিটেশন উন্নয়নে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প অনুমোদিত হয়েছে। এছাড়া সারা দেশে পানির গুণগতমান নিশ্চিত করতে প্রতি জেলায় পানি পরীক্ষাগার স্থাপনের মাধ্যমে খাবার পানির গুণ গতমান নিশ্চিতকরণের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। বাংলাদেশ সরকার বিদ্যালয় পর্যায়ে উন্নত স্যানিটেশন ব্যবস্থা সম্প্রসারণের জন্য কাজ করে চলেছে। পানি ও স্যানিটেশন সেক্টরে বিগত দশকে বাংলাদেশ উল্লেখযোগ্য উন্নতি সাধিত হয়েছে যা জাতিসংঘের বিভিন্ন ফোরামে প্রশংসিত হয়েছে।

এ প্রতিবেদনে সংক্ষেপে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিধি এবং অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি তুলে ধরা হয়েছে। এর মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ সম্পর্কে ধারণা লাভ করা সম্ভব হবে। পাশাপাশি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিধি ও কর্মবিন্যাস সম্পর্কে স্বচ্ছ ধারণা পাওয়া যাবে।

এ প্রতিবেদন প্রণয়নের সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানাই।

22/9/22

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

<u>সূচিপত্র</u>


| ক্রমিক নং | | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| **১.০** | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পরিচিতি** | | |
| | ১.১ | পরিচিতি ও পটভূমি | ১ |
| | ১.২ | লক্ষ্য ও উদ্দেশ্য | ১ |
| | ১.৩ | প্রধান কার্যক্রম/সেবাসমূহ | ১ |
| | ১.৪ | প্রশাসনিক কাঠামো | ২ |
| | ১.৫ | জনবল | ৩ |
| | ১.৬ | পদ সৃষ্টি ও নিয়োগ | ৩ |
| | ১.৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- উল্লেখযোগ্য ঘটনাবলী | ৩ |
| | ১.৮ | নাগরিক সনদ | ৪ |
| **২.০** | **সাংগঠনিক কাঠামো ও বিন্যাস** | | |
| | ২.১ | সাংগঠনিক কাঠামো ও জনবল | ৮ |
| | ২.২ | অধিক্ষেত্র এলাকা (Area of Jurisdiction) | ৯ |
| | ২.৩ | সাংগঠনিক কাঠামো (Organogram) | ১০ |
| | ২.৪ | জনবল | ১১ |
| | ২.৫ | পদ সৃষ্টি ও নিয়োগ | ১৬ |
| **৩.০** | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকাণ্ড পরিচালনাকারী নীতিমালা** | | |
| | ৩.১ | নীতিমালা | ১৬ |
| | ৩.২ | ম্যানুয়াল | ১৮ |
| **৪.০** | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আর্থিক তথ্য** | | |
| | ৪.১ | বাজেট | ১৯ |
| | ৪.২ | আর্থিক কার্যক্রম নিরীক্ষা | ২২ |
| **৫.০** | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের চলমান প্রকল্পের তথ্য ও অগ্রগতি** | | |
| | ৫.১ | চলমান প্রকল্প সংক্রান্ত তথ্যাদি | ২৩ |
| **৬.০** | **তথ্য প্রাপ্তি ও আপীল সংক্রান্ত তথ্য** | | |
| | ৬.১ | তথ্য প্রাপ্তির জন্য আবেদন ফরম | ৩২ |
| | ৬.২ | তথ্য প্রাপ্তি সংক্রান্ত তথ্য | ৩২ |
| | ৬.৩ | তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ৩৩ |
| | ৬.৪ | আপীল আবেদনের জন্য আপীল আবেদনপত্র ফরম | ৩৩ |
| | ৬.৫ | আপীল আবেদনের তথ্য | ৩৩ |
| | ৬.৬ | তথ্য প্রদান ইউনিটের আপীল কর্তৃপক্ষ | ৩৩ |
| | ৬. ৭ | বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য | ৩৩ |
| | ৬. ৮ | ই-ডাউনলোড | ৩৪ |
| **৭.০** | **২০২১-২০২২ অর্থবছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নকৃত গ্রামীণ ও পৌর পানি সরবরাহ এবং স্যানিটেশন কার্যক্রম** | | |
| | ৭.১ | গ্রামীণ পানি সরবরাহ | ৩৫ |
| | ৭.২ | পৌর পানি সরবরাহ | ৩৬ |

| | | |
|---|---|---|
| | ৭.৩ গ্রামীণ স্যানিটেশন | ৩৭ |
| | ৭.৪ পৌর স্যানিটেশন | ৩৭ |
| **৮.০** | **পানি পরীক্ষাগারের কার্যক্রম** | ৩৭ |
| **৯.০** | **গৃহীত কার্যক্রম সমূহ** | |
| | ৯.১ প্রাকৃতিক দুর্যোগ ও আপদকালীন কার্যক্রম | ৪০ |
| | ৯.২ মিয়ানমার হতে ব্যস্তচ্যুত রোহিঙ্গা সম্প্রদায়ের জন্য কার্যক্রম | ৪১ |
| **১০.০** | **গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম** | ৪১-৪৬ |
| **১১.০** | **অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম** | |
| | ১১.১ মানব সম্পদ উন্নয়ন | ৪৬ |
| | ১১.২ PEDP | ৪৮ |
| | ১১.৩ বাংলাদেশ অর্থনেতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) | ৪৮ |
| | ১১.৪ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন কৌশল | ৪৯ |
| **১২.০** | **দেশের পৌরসভাগুলোর উৎপাদক নলকূপসমূহের পুনরুজ্জীবিতকরণ প্রকল্প** | ৫০-৫৩ |
| **১৩.০** | **APA (Annual Performance Agreement)** | ৫৩-৫৭ |
| **১৪.০** | **২০২১-২০২২ অর্থ বছরের উল্লেখযোগ্য সাফল্য** | ৫৮-৬০ |
| | পরিশিষ্ট | ৬১ |

## ১.০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের (ডিপিএইচই) পরিচিতি

### ১.১ পরিচিতি ও পটভূমি

নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯২৪ সালে ডিপিএইচই (বেঙ্গল) হিসেবে যাত্রা শুরু করে। পরবর্তীতে ১৯৩৬ সালে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এ রূপান্তরিত হয়। ১৯৪৫ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি গুরুত্বপূর্ণ সংস্থা। বর্তমানে ওয়াসা ও সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকা ব্যতিত সমগ্র দেশের নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব এ অধিদপ্তরের উপর ন্যস্ত। জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ পানি ও স্যানিটেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখে। জনগণের নিকট নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা পৌছানোর লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা লাভের অব্যবহিত পরে সরকার প্রথমেই ধ্বংস প্রাপ্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা পুনর্বাসনের গুরুত্ব আরোপ এবং তৎপরবর্তীতে নতুন অবকাঠামো স্থাপন শুরু করে ডিপিএইচই'র মাধ্যমে। একই ধারাবাহিকতায় এরই ফলশ্রুতিতে বাংলাদেশ নিরাপদ পানি ও স্যানিটেশন কভারেজের দিক দিয়ে সমগ্র দক্ষিণ এশিয়ায় অন্যতম শীর্ষ স্থান দখল করে আছে। পল্লী এলাকার বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস (টিউবওয়েল) ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনাগুলোর রক্ষণাবেক্ষণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রধান দায়িত্ব। তাছাড়া অত্র অধিদপ্তর পল্লী পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণোত্তোর রক্ষণাবেক্ষণে ইউনিয়ন পরিষদকে WATSAN কমিটির মাধ্যমে কারিগরি সহায়তা প্রদান, স্বাস্থ্য পরিচর্যা জোরদারকরণ এবং পারিপার্শ্বিক পরিবেশের উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে। নগরায়নের ফলে পৌর পানি সরবরাহ ও স্যানিটেশন চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ চাহিদা পুরণে অত্র দপ্তর পৌরসভাসমূহে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণসহ কারিগরি সহায়তার আওতায় পরিকল্পনা প্রণয়ন ও প্রাতিষ্ঠানিক উন্নয়নে সহায়তা করছে। পৌরসভাসমূহে ড্রেনেজ, ফোকাল স্লাজ ম্যানেজমেন্ট ও সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট ভিত্তিক কাজও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর করে যাচ্ছে। এছাড়া বন্যা, সাইক্লোন, মহামারী, উদ্বাস্তু সমস্যা ইত্যাদির কারণে সৃষ্ট জরুরী পরিস্থিতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

### ১.২ লক্ষ্য ও উদ্দেশ্য:

* পল্লী ও শহরাঞ্চলের (ওয়াসা ও সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকা ব্যতিত) সকল জনগণের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা এবং শহরাঞ্চলে ড্রেনেজ, ফেকাল স্লাজ ম্যানেজমেন্ট ও সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট ভিত্তিক কাজ নিশ্চিত করা।

* নিরাপদ পানি ব্যবহার ও স্যানিটেশন বিষয়ে মানুষের অভ্যাসগত আচরণে পরিবর্তন আনয়ন।

<u>সরকারের অঙ্গীকার অনুযায়ী বর্তমান উদ্দেশ্য</u>

* প্রতিটি বাড়িকে স্বাস্থ্যসম্মত টেকসই স্যানিটেশন ব্যবস্থার আওতায় আনা।
* দেশের সকল মানুষের জন্য নিরাপদ সুপেয় পানির ব্যবস্থা করা।

### ১.৩ প্রধান কার্যক্রম / সেবাসমূহ:

* ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও নারায়ণগঞ্জ শহর ব্যতিত সমগ্র দেশের পল্লী ও শহরাঞ্চলে (সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার) নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন

(পয়ঃনিষ্কাশন, নর্দমা ও কঠিন বর্জ্য নিষ্কাশন) ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়নে Lead Agency হিসাবে দায়িত্ব পালন;

* পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
* শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভায় সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;
* পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
* আপদ-কালীণ (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা;
* পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে প্রয়োজনীয় দক্ষ জনবল গড়ে তোলা;
* সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
* ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
* নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্যবিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ;
* আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যা সংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
* পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের স্বল্প ব্যয়ে লাগসই প্রযুক্তি অনুসন্ধান, গবেষণা ও উন্নয়ন;
* তথ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরের তথ্য ব্যবস্থাপনা সমৃদ্ধকরণ ও আধুনিকীকরণ:
* স্থানীয় সরকার, বেসরকারি উদ্যেক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান; ও
* নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণে পর্যায়ক্রমে দেশের সকল পানি সরবরাহ ব্যবস্থায় ওয়াটার সেফটি প্লান (WSP) বাস্তবায়ন।

**১.৪ প্রশাসনিক কাঠামো:**

নিরাপদ পানি ও স্যানিটেশন জনগণের মৌলিক অধিকার, এদেশের জনগণের নিকট উক্ত মৌলিক সেবা পৌছানোর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) সর্বদাই নিয়োজিত। বর্তমানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সাংগঠনিক কাঠামো স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম ও আউট সোর্সিং মঞ্জুরীকৃত ৬৯৩৭ টি পদ রয়েছে। এর বিপরীতে সদর দপ্তর পর্যায়ে, আঞ্চলিক পর্যায়ে, জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে মোট ৫০৭০ জন জনবল নিয়োজিত থেকে জনসেবার কাজ চালিয়ে যাচ্ছেন।

একজন প্রধান প্রকৌশলীর নেতৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকান্ড পরিচালিত হয়। প্রধান প্রকৌশলীর পরবর্তী ধাপে ৩ (তিন) জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত, পরিকল্পনা ও পানিসম্পদ) নিয়োজিত আছেন। তৎপরবর্তী ধাপে মাঠ পর্যায়ে ৯ (নয়) টি (ঢাকা, চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, সিলেট, বরিশাল, ফরিদপুর, খুলনা, রাজশাহী ও রংপুর) সার্কেলের প্রতিটিতে ১ (এক) জন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সদর দপ্তর পর্যায়ে ৫ (পাঁচ) টি (পরিকল্পনা, ভান্ডার, পানির গুণগত মান পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ, গ্রাউন্ড ওয়াটার ও ফিজিবিলিটি স্টাডি) সার্কেলে একজন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী দায়িত্ব পালন করছেন। জেলা পর্যায়ে প্রতিটি জেলায় একজন নির্বাহী প্রকৌশলী এবং উপজেলা পর্যায়ে প্রতি ২টি উপজেলায় ১ জন সহকারী প্রকৌশলী এবং প্রতিটি উপজেলায় ১ জন উপ-সহকারী

**১.৫ জনবল:**

এ অধিদপ্তরের সার্বিক কর্মকান্ড পরিচালনার জন্য স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম রাজস্ব ও আউটসোর্সিং মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা ৬৯৩৭ টি। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্ব (স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম অস্থায়ী রাজস্ব) খাতের পদের বিবরণ নিম্নে দেয়া হলো:

ছক নং ১: ২০২১-২২ অর্থবছরে বিভিন্ন শ্রেণির মঞ্জুরীকৃত মোট সংখ্যা, কর্মরত জনবল এবং শূন্য পদের বিবরণ:

| ক্রঃ নং | অনুমোদিত জনবল | কর্মরত | সৃষ্ট পদসংখ্যা | শূন্য পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ম শ্রেণি-৬১৪ | ১৯৮ | - | ৪১৬ | |
| ২ | ২য় শ্রেণি-৭৫৪ | ৪৭৩ | - | ২৮১ | |
| ৩ | ৩য় শ্রেণি-১১৮২ | ৭৭৭ | - | ৪০৫ | |
| ৪ | ৪র্থ শ্রেণি-৪৩৮৭ | ৩৬২২ | - | ৭৬৫ | |
| সর্বমোট: | ৬৯৩৭ | ৫০৭০ | - | ১৮৬৭ | |

**১.৬ পদ সৃষ্টি ও নিয়োগ:**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর সাংগঠনিক কাঠামো বৃদ্ধি, আধুনিকায়ন, পদোন্নতি এবং শূন্যপদ পূরণে বর্তমান সরকারের অবদান স্মরণীয় হয়ে থাকবে। বর্তমান সরকারের আমলে ২০২১-২০২২ অর্থবছরে প্রশাসনিক/প্রাতিষ্ঠানিক উন্নয়নের কয়েকটি উদাহরণ নিম্নে প্রদান করা হলো-

* ২য় শ্রেণির ১৩৭ টি উপ-সহকারী প্রকৌশলী পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।
* ৩য় শ্রেণির ৪৮০ টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।
* ৪র্থ শ্রেণির ৭৯০ টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।

**১.৭ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- উল্লেখযোগ্য ঘটনাবলীঃ**

| | | |
|---|---|---|
| ১৯২৪ | - | ডিপিএইচই (বেঙ্গাল) হিসেবে যাত্রা শুরু করে এবং প্রধান কাজ ছিল পাইপড ওয়াটার সাপ্লাই। |
| ১৯৩৬ | - | হ্যান্ড টিউবওয়েল (HTW) প্রজেক্ট শুরু। |
| ১৯৪১ | - | এয়ার রেইড ফ্রিকশন টিউবওয়েলস (HTW) প্রজেক্ট শুরু। |
| ১৯৪৫ | - | দ্বিতীয় বিশ্ব যুদ্ধ পরবর্তী টিউবওয়েল প্রজেক্ট। |
| ১৯৪৭ | - | ডিপিএইচই (পূর্ব পাকিস্তান) হিসেবে কার্যক্রম শুরু করে। |
| ১৯৪৭ | - | ঢাকা, চট্টগ্রাম ও অন্যান্য শহরে পাইপড ওয়াটার সাপ্লাই। |
| | - | গ্রামীণ এলাকায় হ্যান্ড টিউবওয়েল (HTW) প্রোগ্রাম চালু। |
| | - | ঢাকা শহরের জন্য পয়ঃনিষ্কাশন (Sewerage System) চালু। |
| ১৯৫৮ | - | ঢাকা শহরের জন্য Storm Water Drainage চালু। |
| ১৯৬৩ | - | ঢাকা এবং চট্টগ্রাম ওয়াসার জন্মলাভ। |
| | - | উপকূলীয় লবণাক্ত এলাকায় গভীর নলকূপ (Deep Tubewell) চালু এবং Deep Set Pump প্রযুক্তি চালু। |
| ১৯৬৪ | | হ্যান্ড টিউবওয়েল প্রোগ্রাম। |
| | | রুরাল স্যানিটেশনের উপর পাইলট প্রজেক্ট হাতে নেয়া হয়। |
| ১৯৭২ | - | যুদ্ধ পরবর্তী গ্রামীণ পানি সরবরাহের দায়িত্ব ডিপিএইচই-কে প্রদান। |
| | - | ইউনিসেফ (UNICEF) এর সহায়তায় গ্রামীণ পানি সরবরাহের ক্ষেত্রে বড় রকমের প্রকল্প হাতে নেয়া হয়। |
| | - | জেলা শহরের জন্য পাইপড ওয়াটার সাপ্লাই প্রকল্প শুরু করা হয়। |
| ১৯৭৩ | - | পানি দূষণ প্রতিরোধ সেল (Water Pollution Control Cell ) গঠন। |
| ১৯৭৮ | - | ইউনিসেফ (UNICEF) এর সহায়তায় গ্রামীণ পয়ঃনিষ্কাশনের ক্ষেত্রে বড় রকমের প্রকল্প |

| | | |
|---|---|---|
| | | হাতে নেয়া হয়। |
| ১৯৮০ | - | বিভাগীয় শহরে পাইপড ওয়াটার সাপ্লাই কার্যক্রম শুরু। |
| ১৯৮৩ | - | উপজেলা হেড কোয়ার্টারে পানি সরবরাহ কার্যক্রম। |
| ১৯৮৭ | - | রাজশাহী ওয়াসার জন্মলাভ। |
| ১৯৯৩ | - | নতুন ৪২ টি জেলায় নির্বাহী প্রকৌশলীর পদ সৃষ্টি। |
| ১৯৯৩ | - | পানির গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে জোনাল ল্যাবরেটরি প্রতিষ্ঠিত হয়। |
| ১৯৯৬ | - | বাংলাদেশের ভূ-পৃষ্ঠস্থ ও ভূ-গর্ভস্থ পানির গুণগত মানের পূর্ণাঙ্গ ডাটা বেইজ তৈরির লক্ষ্যে কম্পিউটার বিভাগের যাত্রা শুরু হয়। |
| ২০০৮ | - | খুলনা ওয়াসার জন্মলাভ। |
| ২০০৯ | - | উপজেলা পর্যায়ে সহকারী প্রকৌশলীর পদ সৃষ্টি করা হয়। |
| ২০১২ | - | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সর্বপ্রথম লক্ষীপুর পৌরসভায় পয়ঃবর্জ্য পরিশোধনাগার নির্মাণ করা হয়। |
| ২০১৪ | - | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বাংলাদেশের প্রথম নারী প্রধান প্রকৌশলী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। |
| ২০১৭ | - | রোহিঙ্গা শরণার্থীদের পানি সরবরাহ ও স্যানিটেশন সেবা প্রদান। |
| ২০১৮ | - | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্যাডার পদ ৩২৯ (১+৩+১৪+৭৬+২৩৫) এ উন্নীতকরণ। |
| ২০১৯ | - | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জাতীয় শুদ্ধাচার পুরষ্কার প্রাপ্ত হন। |
| ২০২০ | - | কোভিড-১৯ মোকাবেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর উন্নয়ন সহযোগীদের সহায়তায় প্রথম সারির যোদ্ধা হিসেবে কাজ করেছে। |

### ১.৮ নাগরিক সনদ (Citizen Charter):

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ওয়াসার আওতাভুক্ত এলাকা ব্যতিত) সমগ্র দেশের পল্লী ও শহরাঞ্চলে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়নে সরকারিভাবে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশের জনগণকে সেবা প্রদান করে থাকে।

**<u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহ:</u>**

১। পল্লী ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত ও টেকসই স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে অবকাঠামো নির্মাণ করা।

২। একটি কেন্দ্রীয় ও ১৪টি আঞ্চলিক ল্যাবরেটরির মাধ্যমে খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করাসহ তৎপরবর্তী পরামর্শ প্রদান করা।

৩। নিরাপদ পানি সরবরাহ ও স্বাস্থ্য সম্মত টেকসই স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্যবিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ ও বিভিন্ন প্রশিক্ষণ ম্যানুয়াল (Manual) প্রণয়নের পাশাপাশি জনগণকে প্রশিক্ষণ প্রদান করা।

৪। আপদ-কালীন সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ, স্যানিটেশনের ব্যবস্থা করা ও বিভিন্ন পর্যায়ের দুর্যোগ কমিটিকে সহযোগিতা প্রদান করা।

৫। পানির উৎসের খুচরা যন্ত্রাংশ এবং স্যানিটারি ল্যাট্রিনের রিং-স্ল্যাব সরবরাহ ও স্থাপন কাজে জনগণকে সহায়তা প্রদান করা।

৬। নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠান, এনজিও ও সর্বসাধারণকে কারিগরি সহায়তা প্রদান করা।





**চিত্রঃ মুজিব কর্নার**

নাগরিক সেবার তথ্য সারণি (Citizen Charter):

| ক্রমিক নং | সেবাসমূহ/সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নাম | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | সেবা প্রাপ্তির প্রয়োজনীয় ফি | নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান |
|---|---|---|---|---|---|---|
| ১ | নিরাপদ পানির উৎস স্থাপন ও অবকাঠামো নির্মাণ (পল্লী এলাকায়) | সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | উপজেলা ওয়াটসান (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ী সহায়ক চাঁদা প্রাপ্তি সাপেক্ষে সরকারি বরাদ্দ মোতাবেক চূড়ান্ত তালিকা কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের নিকট সরবরাহ। সরবরাহকৃত তালিকা অনুযায়ী মালামাল সরবরাহসহ নলকূপ স্থাপন ও অবকাঠামো নির্মাণ। | ওয়াটসান কমিটি কর্তৃক অনুমোদনের পর ৪৫ কর্ম দিবস | উপকারভোগী কর্তৃক প্রদত্ত সহায়ক চাঁদা<br>রেইন ওয়াটার হার্ভেস্টিং সিস্টেম=১৫০০.০০<br>পিএস এফ=৪৫০০.০০<br>এসএসটি/ভিএসএসটি=২৫০০.০০<br>৬ নং অগভীর নলকূপ=১৫০০.০০<br>অগভীর মেডিফাইড নলকূপ=২৫০০.০০<br>৬ নং গভীর নলকূপ=৭০০০.০০<br>রিংওয়েল/ডাগ ওয়েল=৩৫০০.০০<br>গভীর তারা নলকূপ=৭০০০.০০<br>সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ=১০,০০০.০০<br>সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ=৭,০০০.০০ | জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ। |
| ২ | নিরাপদ পানির উৎস স্থাপন ও অবকাঠামো নির্মাণ (শহুরে এলাকায়) | সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | পৌর মেয়র কর্তৃক অনুমোদিত তালিকাসহ সহায়ক চাঁদা প্রাপ্তি সাপেক্ষে সরকারি বরাদ্দ মোতাবেক চূড়ান্ত তালিকা কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের নিকট সরবরাহ। সরবরাহকৃত তালিকা অনুযায়ী মালামাল সরবরাহসহ নলকূপ স্থাপন ও অবকাঠামো নির্মাণ। | ওয়াটসান কমিটি কর্তৃক অনুমোদনের পর ৪৫ কর্ম দিবস | | জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ। |
| ৩ | পানির গুণগতমান পরীক্ষা (ফিল্ড টেস্ট কিটের মাধ্যমে) উপজেলা কার্যালয় হতে প্রদান করা হয়। | সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | আবেদন পত্র প্রাপ্তির পর ফিল্ড টেস্ট কীট থাকা সাপেক্ষে উপ-সহকারী প্রকৌশলী/নলকূপ মেকানিক কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক নলকূপ পরীক্ষাকরণ ও প্রতিবেদন প্রদান। | ১০ কর্ম দিবসের মধ্যে | বিনামূল্যে (মূল্য ধার্যকরণ প্রক্রিয়াধীন) | জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ । |
| ৪ | পানির গুণগতমান পরীক্ষা (আঞ্চলিক পানি পরীক্ষাগারে) | সিনিয়র কেমিস্ট | দেশব্যাপী ১৩টি জেলায় অবস্থিত আঞ্চলিক ল্যাবরেটরিতে নির্ধারিত ফি সহ আবেদন পত্র প্রাপ্তির পর নলকূপের পানি পরীক্ষাকরণ ও সরাসরি প্রতিবেদন প্রদান | ১০ কর্ম দিবসের মধ্যে | আর্সেনিক-৪৫০/-<br>আয়রণ-৪৫০/-<br>ক্লোরাইড-২৫০/-<br>(অন্যান্য পরীক্ষার ফি সংযুক্ত)। | পরিচালক, কেন্দ্রীয় পানি পরীক্ষাগার, মহাখালী, ঢাকা এর নিকট লিখিত অভিযোগ । |

| ক্রমিক নং | সেবাসমূহ/সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নাম | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | সেবা প্রাপ্তির প্রয়োজনীয় ফি | নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান |
|---|---|---|---|---|---|---|
| ৫ | রিং-স্ল্যাব বিনামূল্যে বিতরণ/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | বরাদ্দ সাপেক্ষে পৌরসভা/ ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রাপ্ত তালিকা মোতাবেক হত দরিদ্রদের মাঝে স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ/ অনুমোদিত তালিকা মোতাবেক কমিউনিটি ল্যাট্রিন স্থাপন। | প্রাপ্ত বরাদ্দ মোতাবেক | দরিদ্রদের মধ্যে বিনামূল্যে বিতরণ/স্থাপন | জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ। |
| ৬ | নলকূপের খুচরা যন্ত্রাংশ/ল্যাট্রিনের রিং-স্ল্যাব সরবরাহ | অফিস সহকারী (সিসিটি) | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসে সরকার নির্ধারিত মূল্যে নলকূপের খুচরা যন্ত্রাংশ/ রিং-স্ল্যাব সরবরাহ করা হয়। | প্রয়োজনীয় মজুদ সাপেক্ষে সার্বক্ষণিক | রিং-স্ল্যাব ও নলকূপের খুচরা যন্ত্রাংশের অনুমোদিত মূল্য তালিকা প্রতিটি অফিসে সংরক্ষিত আছে। | উপজেলা সহকারী প্রকৌশলী / উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নিকট লিখিত অভিযোগ করতে হবে। |
| ৭ | উদ্বুদ্ধকরণ | সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী/ নলকূপ মেকানিক | সংশ্লিষ্ট জনসাধারণকে নিরাপদ পানি, স্বাস্থ্যসম্মত পায়খানার ব্যবহার ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্য বিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ। | বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী | বিনামূল্যে | জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ। |
| ৮ | সরকারি নলকূপ সমূহের তত্ত্বাবধায়কগণকে প্রশিক্ষণ প্রদান ও রেঞ্জ সরবরাহ | সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | নলকূপ স্থাপন কাজ সমাপ্তির পর সরকারি নলকূপ সমূহের তত্ত্বাবধায়কগণকে নলকূপ মেরামত সম্পর্কে প্রশিক্ষণ প্রদান ও বরাদ্দ সাপেক্ষে রেঞ্জ সরবরাহ। | নলকূপ স্থাপন কাজ সমাপ্তির ২৮ কর্ম দিবসের মধ্যে প্রশিক্ষণ প্রদান ও বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণের সাথে সাথে রেঞ্জ সরবরাহ | প্রকল্পে সংস্থান থাকা সাপেক্ষে | জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর নিকট লিখিত অভিযোগ |
| ৯ | কারিগরি সহায়তা | সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী/ উপজেলা সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | বাংলাদেশের পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদ ও পৌর এলাকায় পৌরসভাসমূহকে চাহিদার প্রেক্ষিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণে কারিগরি সহায়তা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং জনসাধারণের আবেদনের প্রেক্ষিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণে কারিগরি সহায়তা প্রদান করা হয়। | ৭ কর্ম দিবস | বিনামূল্যে | নির্বাহী প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |

## ২.০ সাংগঠনিক কাঠামো ও বিন্যাস

### ২.১ সাংগঠনিক কাঠামো ও জনবল:

নিরাপদ পানি ও স্যানিটেশন জনগণের মৌলিক অধিকার, এদেশের জনগণের নিকট উক্ত মৌলিক সেবা পৌছানোর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) সর্বদাই নিয়োজিত। বর্তমানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সাংগঠনিক কাঠামোয় স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম ও আউট সোর্সিং মঞ্জুরীকৃত ৬৫৮৩ টি পদ রয়েছে। এর বিপরীতে সদর দপ্তর পর্যায়ে, আঞ্চলিক পর্যায়ে, জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে মোট ৪৬২০ জন জনবল নিয়োজিত থেকে জনসেবার কাজ চালিয়ে যাচ্ছেন।

একজন প্রধান প্রকৌশলীর নের্তৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকান্ড পরিচালিত হয়। প্রধান প্রকৌশলীর পরবর্তী ধাপে ৩ জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত, পরিকল্পনা ও পানি সম্পদ) নিয়োজিত আছেন। তৎপরবর্তী ধাপে মাঠ পর্যায়ে ১০ (দশ) টি (ঢাকা, চট্রগ্রাম, পার্বত্য চট্রগ্রাম, সিলেট , বরিশাল, ফরিদপুর, খুলনা, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ) সার্কেলের প্রতিটিতে ১জন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সদর দপ্তর পর্যায়ে ৫টি (পরিকল্পনা, ভান্ডার, পানির গুনগত মান পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ, গ্রাউন্ড ওয়াটার ও ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিজাইন) সার্কেলে একজন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী দায়িত্ব পালন করছেন। জেলা পর্যায়ে প্রতিটি জেলায় একজন নির্বাহী প্রকৌশলী এবং উপজেলা পর্যায়ে প্রতি ২টি উপজেলায় ১ জন সহকারী প্রকৌশলী এবং প্রতিটি উপজেলায় ১ জন উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব পালন করছেন।



## ২.২ অধিক্ষেত্র এলাকা (Area of Jurisdiction)

সাংগঠনিক কাঠামো অনুযায়ী "অতিরিক্ত প্রধান প্রকৌশলী" এবং সদর প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক প্রকৌশলীবৃন্দের অধিক্ষেত্র এলাকা নিম্নরূপ:

| ক্রমিক নং | নিয়ন্ত্রণকারী | | অধিক্ষেত্র এলাকা (Area of Jurisdiction) |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) | ১। | পরিকল্পনা সার্কেল, ঢাকা। |
| | | ২। | ভান্ডার সার্কেল, ঢাকা। |
| | | ৩। | ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল, ঢাকা। |
| ২। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ) | ১। | গ্রাউন্ড ওয়াটার সার্কেল। |
| | | ২। | ওয়াটার কোয়ালিটি মনিটরিং এন্ড সার্ভিল্যান্স সার্কেল। |
| ৩। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত) | ১। | জোনাল সার্কেল সমূহ।<br>(ঢাকা, চট্রগ্রাম, পার্বত্য চট্রগ্রাম, সিলেট, বরিশাল, ফরিদপুর, খুলনা, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ) |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল) | ১। | পরিকল্পনা বিভাগ, ঢাকা। |
| | | ২। | প্রোগ্রাম এন্ড কোঅর্ডিনেশন ডিভিশন, ঢাকা। |
| | | ৩। | এমআইএস ইউনিট, ঢাকা। |
| | | ৪। | জিআইএস ইউনিট, ঢাকা। |
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভান্ডার সার্কেল), ঢাকা। | ১। | কেন্দ্রিয় ভান্ডার বিভাগ, ঢাকা। |
| | | ২। | ভান্ডার বিভাগ, চট্রগ্রাম। |
| | | ৩। | ভান্ডার বিভাগ, খুলনা। |
| ৬। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিজাইন সার্কেল), ঢাকা। | ১। | জরীপ অনুসন্ধান ও গবেষণা বিভাগ, ঢাকা। |
| | | ২। | ডিজাইন বিভাগ, ঢাকা। |
| ৭। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>(গ্রাউন্ড ওয়াটার সার্কেল), ঢাকা। | ১। | গ্রাউন্ড ওয়াটার বিভাগ, ঢাকা। |
| | | ২। | মেকানিক্যাল এন্ড ইলেক্ট্রিক্যাল বিভাগ, ঢাকা। |
| | | ৩। | আর্সেনিক ম্যানেজমেন্ট বিভাগ, ঢাকা। |
| ৮। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ওয়াটার কোয়ালিটি মনিটরিং এন্ড সার্ভিল্যান্স সার্কেল), ঢাকা। | ১। | কেন্দ্রীয় ল্যাবরেটরি। |
| | | ২। | ১৩টি জোনাল ল্যাবরেটরি<br>(কুমিল্লা, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা, নোয়াখালী, ঝিনাইদহ, সিলেট, বরিশাল, রংপুর, বগুড়া, টঙ্গী, রাঙ্গামাটি, গোপালগঞ্জ) |

## ২.৩ সাংগঠনিক কাঠামো (Organogram):

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো (Organogram) নিচে দেখানো হলো:



**২.৪ জনবল:**

এ অধিদপ্তরের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার জন্য মোট ৬৯৩৭টি পদ রয়েছে। এর মধ্যে কর্মরত পদের সংখ্যা ৫০৭০ এবং শূন্য পদ মোট ১৮৬৭টি। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পদের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ অনুমোদনকারী কর্তৃপক্ষের নাম | বর্তমান বেতন স্কেল | এম,এল কমিটি অনুযায়ী পদ | এম,এল কমিটির পর সৃজনকৃত পদ | অবলুপ্তি/পদ সংরক্ষণ না হওয়ায় বিলুপ্ত পদ | বর্তমান পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | প্রধান প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ৭৮০০০ (নির্ধারিত) | ১ | ০ | ০ | ১ |
| ২ | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৫৬৫০০-৫৮৭৬০---৭১৫৩০-৭৪৪০০ | ১ | ২ | ০ | ৩ |
| ৩ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৫০০০০-৫২০০০---৬৮৪৬০-৭১২০০ | ৬ | ৯ | ০ | ১৫ |
| ৪ | প্রধান রসায়নবিদ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৫০০০০-৫২০০০---৬৮৪৬০-৭১২০০ | ০ | ১ | ০ | ১ |
| ৫ | নির্বাহী প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৪৩০০০-৪৪৯৪০---৬৬৮৪০-৬৯৮৫০ | ২৮ | ৪৯ | ০ | ৭৭ |
| ৬ | উপ-পরিচালক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৪৩০০০-৪৪৯৪০---৬৬৮৪০-৬৯৮৫০ | ০ | ১ | ০ | ১ |
| ৭ | সিনিয়র রসায়নবিদ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৪৩০০০-৪৪৯৪০---৬৬৮৪০-৬৯৮৫০ | ০ | ১২ | ০ | ১২ |
| ৮ | সিনিয়র সোস্যাল ডেভেলপমেন্ট অফিসার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৪৩০০০-৪৪৯৪০---৬৬৮৪০-৬৯৮৫০ | ০ | ১ | ০ | ১ |
| ৯ | উপ-বিভাগীয় প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৩৫৫০০-৩৭২৮০---৬৩৮১০-৬৭০১০ | ৭৫ | ০ | ৭৫ | ০ |
| ১০ | প্রোগ্রামার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৩৫৫০০-৩৭২৮০---৬৩৮১০-৬৭০১০ | ০ | ২ | ০ | ২ |
| ১১ | সিনিয়র সহকারী প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৩৫৫০০-৩৭২৮০---৬৩৮১০-৬৭০১০ | ০ | ৭০ | ০ | ৭০ |
| ১২ | সোস্যাল ডেভেলেপমেন্ট অফিসার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৩৫৫০০-৩৭২৮০---৬৩৮১০-৬৭০১০ | ০ | ৯ | ০ | ৯ |
| ১৩ | সহকারী পরিচালক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৩৫৫০০-৩৭২৮০---৬৩৮১০-৬৭০১০ | ০ | ২ | ০ | ২ |
| ১৪ | সিনিয়র ব্যাকটেরিওলজিস্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৩৫৫০০-৩৭২৮০---৬৩৮১০-৬৭০১০ | ০ | ১ | ০ | ১ |
| ১৫ | কেমিস্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৩৫৫০০-৩৭২৮০---৬৩৮১০-৬৭০১০ | ০ | ২ | ০ | ২ |
| ১৬ | সিনিয়র হাইড্রোজিওলোজিস্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২৯০০০-৩০৪৫০---৬০৩৯০-৬৩৪১০ | ০ | ৩ | ০ | ৩ |
| ১৭ | লিগ্যাল অফিসার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২৯০০০-৩০৪৫০---৬০৩৯০-৬৩৪১০ | ০ | ১ | ০ | ১ |
| ১৮ | সিনিয়র রসায়নবিদ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২৩০০০-২৪১৫০---৫২৮২০-৫৫৪৭০ | ০ | ১ | ০ | ১ |
| ১৯ | ব্যাকটেরিওলজিস্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ১ | ০ | ১ |
| ২০ | সহকারী প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ১ | ৩০৪ | ২১ | ২৮৪ |
| ২১ | সহকারী প্রোগ্রামার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ১ | ০ | ১ |
| ২২ | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ১ | ০ | ১ |

| ক্রমিক নং | পদের নাম | পদ অনুমোদনকারী কর্তৃপক্ষের নাম | বর্তমান বেতন স্কেল | এম,এল কমিটি অনুযায়ী পদ | এম,এল কমিটির পর সৃজনকৃত পদ | অবলুপ্তি/পদ সংরক্ষণ না হওয়ায় বিলুপ্ত পদ | বর্তমান পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | জুনিয়র সোস্যাল ডেভলপমেন্ট অফিসার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ৪ | ০ | ৪ |
| ২৪ | জুনিয়র হাইড্রোজিওলজিস্ট' | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ৩ | ০ | ৩ |
| ২৫ | ব্যবস্থাপনা কর্মকর্তা | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ১ | ০ | ১ |
| ২৬ | প্রশিক্ষণ কর্মকর্তা | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ২ | ০ | ২ |
| ২৭ | জুনিয়র কেমিস্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ২২০০০-২৩১০০---৫০৫৩০-৫৩০৬০ | ০ | ১১ | ০ | ১১ |
| | প্রথম শ্রেণী মোট = | | | | | | ৬১৪ |
| ২৮ | হিসাব রক্ষণ কর্মকর্তা | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ১ | ০ | ০ | ১ |
| ২৯ | মাস্টার ড্রিলার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ০ | ২ | ০ | ২ |
| ৩০ | প্রশাসনিক কর্মকর্তা | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ১ | ০ | ০ | ১ |
| ৩১ | প্রধান ড্রাফটসম্যান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ৪ | ২ | ১ | ৫ |
| ৩২ | ড্রাফটসম্যান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ৯৪ | ৭ | ৪৪ | ৫৭ |
| ৩৩ | প্রাক্কলনিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ৯৫ | ৯ | ৩৪ | ৭০ |
| ৩৪ | প্রধান প্রাক্কলনিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ৪ | ২ | ০ | ৬ |
| ৩৫ | উপ-সহকারী প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ৪০১ | ১৫৭ | ৪১ | ৫১৭ |
| ৩৬ | প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ০ | ২ | ০ | ২ |
| ৩৭ | সুপারভাইজারী টেশনিশিয়ান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ০ | ৪ | ০ | ৪ |
| ৩৮ | টেকনিক্যাল সুপারভাইজার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ০ | ২ | ০ | ২ |
| ৩৯ | ওভারসিয়ার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ১ | ০ | ০ | ১ |
| ৪০ | সুপারভাইজার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ১ | ০ | ০ | ১ |
| ৪১ | সহকারী নারী উন্নয়ন কর্মকর্তা | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ০ | ২ | ১ | ১ |
| ৪২ | হিসাব রক্ষক (এজি) | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ২৬ | ১ | ২৭ | ০ |
| ৪৩ | নমুনা বিশ্লেষক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১৬০০০-১৬৮০০---৩৬৮০০-৩৮৬৪০ | ০ | ২৫ | ০ | ২৫ |
| | দ্বিতীয় শ্রেণী মোট = | | | | | | ৭৫৪ |
| ৪৪ | স্বাস্থ্য প্রশিক্ষক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১২৫০০-১৩১৩০---২৮৭৯০-৩০২৩০ | ০ | ১৩ | ৪ | ৯ |
| ৪৫ | সহকারী মাস্টার ড্রিলার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১২৫০০-১৩১৩০---২৮৭৯০-৩০২৩০ | ০ | ৩ | ০ | ৩ |

| ক্রমিক | পদের নাম | পদ অনুমোদনকারী | বর্তমান বেতন স্কেল | এম,এল | এম,এল | অবলুপ্তি/পদ | বর্তমান |
|---|---|---|---|---|---|---|---|

| নং | | কর্তৃপক্ষের নাম | | কমিটি অনুযায়ী পদ | কমিটির পর সৃজনকৃত পদ | সংরক্ষ না হওয়ায় বিলুপ্ত পদ | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ৪৬ | ফোরম্যান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১২৫০০-১৩১৩০---২৮৭৯০-৩০২৩০ | ০ | ২ | ০ | ২ |
| ৪৭ | প্রধান সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ১ | ১৬ | ০ | ১৭ |
| ৪৮ | প্রধান সহকারী/ উচ্চমান সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ১০৪ | ২ | ৩৮ | ৬৮ |
| ৪৯ | স্টেনোগ্রাফার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ৮ | ৬ | ২ | ১২ |
| ৫০ | ষাটলিপিকার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ০ | ১ | ০ | ১ |
| ৫১ | স্যাম্পল কালেক্টর | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ০ | ২০ | ০ | ২০ |
| ৫২ | প্রজেকশনিস্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ০ | ১৪ | ৪ | ১০ |
| ৫৩ | অডিটর | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ০ | ১ | ০ | ১ |
| ৫৪ | কম্পিউটার অপারেটর | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১১০০০-১১৫৫০---২৫৩২০-২৬৫৯০ | ০ | ১৭ | ২ | ১৫ |
| ৫৫ | স্টেনো-টাইপিষ্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১০২০০-১০৭১০---২৩৫০০-২৪৬৮০ | ১ | ০ | ০ | ১ |
| ৫৬ | উচ্চমান সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১০২০০-১০৭১০---২৩৫০০-২৪৬৮০ | ৩ | ১ | ০ | ৪ |
| ৫৭ | হিসাব রক্ষক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১০২০০-১০৭১০---২৩৫০০-২৪৬৮০ | ০ | ১৯ | ১ | ১৮ |
| ৫৮ | হিসাব রক্ষক/ উচ্চমান সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১০২০০-১০৭১০---২৩৫০০-২৪৬৮০ | ৭৭ | ২১ | ৩০ | ৬৮ |
| ৫৯ | স্ট্যাটিসটিক্যাল এসিস্টেন্ট বা পরিসংখ্যান সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১০২০০-১০৭১০---২৩৫০০-২৪৬৮০ | ০ | ২ | ০ | ২ |
| ৬০ | রিসার্চ এসিসটেন্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১০২০০-১০৭১০---২৩৫০০-২৪৬৮০ | ০ | ১ | ০ | ১ |
| ৬১ | গুদাম রক্ষক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ১০২০০-১০৭১০---২৩৫০০-২৪৬৮০ | ০ | ২ | ০ | ২ |
| ৬২ | টেকনিশিয়ান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৭০০-১০১৯০---২২৩৭০-২৩৪৯০ | ০ | ৪ | ০ | ৪ |
| ৬৩ | ব্যক্তিগত সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ১ | ০ | ১ |
| ৬৪ | ক্যাশিয়ার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ৯৬ | ৫ | ৩০ | ৭১ |
| ৬৫ | হিসাব সহকারী/ নিম্নমান সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ৩০ | ০ | ০ | ৩০ |
| ৬৬ | হিসাব সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ১ | ১৩ | ১ | ১৩ |
| ৬৭ | নিম্নমান সহকারী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৭ | ০ | ৭ |
| ৬৮ | নিম্নমান সহকারী/ মুদ্রাক্ষরিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ১২ | ০ | ১২ |
| ৬৯ | এলডিএ কাম টাইপিস্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ১০৯ | ৩৬ | ৩৫ | ১১০ |

| ক্রমিক নং | পদের নাম | পদ অনুমোদনকারী কর্তৃপক্ষের নাম | বর্তমান বেতন স্কেল | এম,এল কমিটি | এম,এল কমিটির পর | অবলুপ্তি/পদ সংরক্ষ | বর্তমান পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | অনুযায়ী পদ | সৃজনকৃত পদ | না হওয়ায় বিলুপ্ত পদ | |
|---|---|---|---|---|---|---|---|
| ৭০ | এলডিএ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৭ | ০ | ৭ |
| ৭১ | স্যানিটারী এসিস্টেন্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ১১ | ৬ | ৫ |
| ৭২ | সিসিটি | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৫০২ | ৫৯ | ৪৪৩ |
| ৭৩ | মুদ্রাক্ষরিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ২ | ০ | ২ |
| ৭৪ | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক/ ডাটা এন্ট্রি অপারেটর | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৪ | ০ | ৪ |
| ৭৫ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৪ | ০ | ৪ |
| ৭৬ | অফিস সহকারী কাম টাইপিষ্ট | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ১ | ০ | ১ |
| ৭৭ | ডাটা এন্ট্রি অপারেটর | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ১৭ | ০ | ১৭ |
| ৭৮ | সার্ভেয়ার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ২ | ০ | ২ |
| ৭৯ | ট্রেসার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৫ | ১ | ৪ |
| ৮০ | ড্রাইভার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৯২ | ১৫ | ৭৭ |
| ৮১ | স্পিড বোর্ড ড্রাইভার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ৭ | ৬ | ১ |
| ৮২ | ইলেক্ট্রিশিয়ান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯৩০০-৯৭৭০---২১৪১০-২২৪৯০ | ০ | ২ | ০ | ২ |
| | তৃতীয় শ্রেণী মোট = | | | | | | ১১৮২ |
| ৮৩ | পাম্প ড্রাইভার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯০০০-৯৪৫০---২০৭৬০-২১৮০০ | ০ | ১৪ | ১ | ১৩ |
| ৮৪ | মেকানিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯০০০-৯৪৫০---২০৭৬০-২১৮০০ | ১৬০৪ | ৩৫৪ | ৫ | ১৯৫৩ |
| ৮৫ | নলকূপ মেকানিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯০০০-৯৪৫০---২০৭৬০-২১৮০০ | ০ | ১২ | ০ | ১২ |
| ৮৬ | টিউবওয়েল মেকানিক | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯০০০-৯৪৫০---২০৭৬০-২১৮০০ | ০ | ৫ | ০ | ৫ |
| ৮৭ | ক্যাশ সরকার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৯০০০-৯৪৫০---২০৭৬০-২১৮০০ | ১ | ১ | ০ | ২ |
| ৮৮ | ম্যাশন | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮৮০০-৯২৪০---২০২৯০-২১৩১০ | ০ | ৮১৪ | ৩৩০ | ৪৮৪ |
| ৮৯ | হেলপার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮৮০০-৯২৪০---২০২৯০-২১৩১০ | ০ | ১ | ০ | ১ |
| ৯০ | ডেসপ্যাচ রাইডার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮৫০০-৮৯৩০---১৯৫৯০-২০৫৭০ | ১ | ০ | ০ | ১ |
| ৯১ | লাইনম্যান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৬ | ০ | ৬ |
| ৯২ | লাইনম্যান/ প্লাম্বার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৩ | ০ | ৩ |

| ক্রমিক নং | পদের নাম | পদ অনুমোদনকারী কর্তৃপক্ষের নাম | বর্তমান বেতন স্কেল | এম,এল কমিটি অনুযায়ী পদ | এম,এল কমিটির পর সৃজনকৃত পদ | অবলুপ্তি/পদ সংরক্ষ□ না হওয়ায় বিলুপ্ত পদ | বর্তমান পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৯৩ | সহকারী পাম্প ড্রাইভার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৮ | ০ | ৮ |
| ৯৪ | ট্রিটমেন্ট প্লান্ট অপারেটর | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৪ | ০ | ৪ |
| ৯৫ | মেশিন অপারেটর | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৩ | ০ | ৩ |
| ৯৬ | প্লাম্বার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ১ | ০ | ১ |
| ৯৭ | লিফট ম্যান | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ১ | ০ | ১ |
| ৯৮ | এম.এল.এস.এস | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ১৩৫ | ৭৯ | ২৯ | ১৮৫ |
| ৯৯ | পিয়ন/এম,এল,এস,এস | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৪৮৪ | ৬৯ | ৪১৫ |
| ১০০ | চৌকিদার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ৯ | ১৬৩ | ১ | ১৭১ |
| ১০১ | নিরাপত্তা রক্ষী | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৩ | ০ | ৩ |
| ১০২ | গার্ড | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৪ | ০ | ৪ |
| ১০৩ | গার্ড / ক্লিনার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৭ | ০ | ৭ |
| ১০৪ | গার্ড / চৌকিদার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৮ | ০ | ৮ |
| ১০৫ | চৌকিদার/নাইট গার্ড | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৪৯০ | ১৬৫ | ৩২৫ |
| ১০৬ | পরীক্ষাগার ক্লিনার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ২ | ০ | ২ |
| ১০৭ | ক্লিনার/ল্যাব ক্লিনার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৪ | ০ | ৪ |
| ১০৮ | মেসেঞ্জার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৪ | ০ | ৪ |
| ১০৯ | লেবার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | টাকা ৮২৫০-৮৬৭০---১৯০৫০-২০০১০ | ০ | ৮৪৭ | ১৬৫ | ৬৮২ |
| | **চতুর্থ শ্রেণী মোট =** | | | | | | **৪৩৮৭** |
| | **সর্বমোট =** | | | | | | **৬৯৩৭** |

ছক নং ১: ২০২১-২০২২ অর্থবছরে বিভিন্ন শ্রেণির মঞ্জুরীকৃত মোট সংখ্যা, কর্মরত জনবল এবং শূন্য পদের বিবরণ:

| ক্রঃ নং | অনুমোদিত জনবল | কর্মরত | সৃষ্ট পদসংখ্যা | শূন্য পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ম শ্রেণি-৬১৪ | ১৯৮ | - | ৪১৬ | |
| ২ | ২য় শ্রেণি-৭৫৪ | ৪৭৩ | - | ২৮১ | |
| ৩ | ৩য় শ্রেণি-১১৮২ | ৭৭৭ | - | ৪০৫ | |
| ৪ | ৪র্থ শ্রেণি-৪৩৮৭ | ৩৬২২ | - | ৭৬৫ | |
| সর্বমোট: | ৬৯৩৭ | ৫০৭০ | - | ১৮৬৭ | |

## ৩.০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকান্ড পরিচালনাকারী নীতিমালা

### ৩.১ নীতিমালাঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকান্ড পরিচালনাকারী নীতিমালার একটি তালিকা নিম্নে দেয়া হলোঃ

| ক্রমিক নং | নীতিমালার নাম | বিষয়বস্তু |
|---|---|---|
| ১ | National Policy for Safe Water Supply and Sanitation 1998 | পানি সরবরাহ কৌশল (Water Supply Strategy) |
| | | ক. গ্রামীণ পানি সরবরাহ (Rural Water Supply) |
| | | খ. শহুরে পানি সরবরাহ (Urban Water Supply) |
| ২ | National Policy for Arsenic Mitigation 2004 | আর্সেনিক দূরীকরণ (Arsenic Mitigation) |
| ৩ | National Sanitation Strategy 2005 | স্যানিটেশন কৌশল (Sanitation Strategy) |
| | | ক. গ্রামীণ স্যানিটেশন (Rural Sanitation) |
| | | খ. শহুরে স্যানিটেশন (Urban Sanitation) |
| ৪ | National cost sharing strategy for water supply and sanitation in Bangladesh 2012 | |
| ৫ | National Strategy for Water and Sanitation, Hard to reach areas of Bangladesh. | |
| ৬ | National Hygiene Promotion Strategy, 2012 | স্বাস্থ্য বিধি |
| ৭ | Water Acts, 2013 | |
| ৮ | Sustainable Development Goal (2015-2030) | পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টর |

| ক্রমিক নং | নীতিমালার নাম | বিষয়বস্তু |
|---|---|---|
| ৯ | Arsenic Mitigation Implementation Plan-2018 | |
| ১০ | Feacal Sludge Management Framework | পয়: বর্জ্যের সঠিক ব্যবস্থাপনার কৌশলপত্র। |
| ১১ | জাতীয় পানি সরবরাহ ও স্যানিটেশন কৌশলপত্র (পরিমার্জিত ও হালনাগাদকৃত সংস্করণ-২০২১) | টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন নিশ্চিতকরণে সমচিত কাঠামো। |
| ১২ | পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা (এফএসএম) প্রাতিষ্ঠানিক এবং আইনি কাঠামো বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা। | সামঞ্জস্যপূর্ণ পয়:বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণের নির্দেশনাসমূহ। |
| ১৩ | জাতীয় মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা কৌশলপত্র-২০২১ | |
| ১৪ | কোভিড-১৯ মোকাবেলায় নিরাপদ পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন (বাংলাদেশ কৌশলপত্র-২০২০-২০২৩) | কোভিড-১৯ মোকাবেলায় পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্য বিধি প্রতিপালন বিষয়ক। |
| ১৫ | বাংলাদেশ পানি ও স্যানিটেশন সেক্টরের জন্য দরিদ্র সহায়ক কৌশল সংশোধিত সংস্করণ জনু'২০২০ | দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠির জন্য পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতকরণ। |





**৩.২ ম্যানুয়াল:**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রণীত বিভিন্ন প্রশিক্ষণ ম্যানুয়াল নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. |  | কেয়ারটেকার প্রশিক্ষণ ম্যানুয়াল (৬ নং হ্যান্ড-পাম্প) |
| ২. |  | ৬ নং হ্যান্ড-পাম্প প্রশিক্ষণ ম্যানুয়াল |
| ৩. |  | PSF প্রশিক্ষণ ম্যানুয়াল |
| ৪. |  | কেয়ারটেকার প্রশিক্ষণ ম্যানুয়াল (PSF) |
| ৫. |  | রিং-ওয়েল/ডাগ-ওয়েল প্রশিক্ষণ ম্যানুয়াল |
| ৬. |  | তারা ডেভ হেড পাম্প প্রশিক্ষণ ম্যানুয়াল |
| ৭. |  | কেয়ারটেকার প্রশিক্ষণ ম্যানুয়াল (তারা ডেভ হেড পাম্প) |
| ৮. |   | হাইজিন টিউবওয়েল ইউযার গাইডলাইন |

## ৪.০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আর্থিক তথ্য

### ৪.১ বাজেট

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের খাত-ভিত্তিক বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয় নিম্নে দেখানো হলোঃ

(অংক-হাজার টাকায়)

| **খাত** | **বাজেট ২০২১-২০২২** | | **বাজেট ২০২২-২০২৩** | |
|---|---|---|---|---|
| সর্বমোট | ৪৩৭৬৯৪৯৮ | | ৪৯১৯৯৪২০ | |
| পরিচালন ব্যয় | ৪৯০৮৭৯৮ | | ৫৪৭০৪০০ | |
| উন্নয়ন ব্যয় | ৩৮৮৬০৭০০ | | ৪৩৭২৯০০০ | |
| | টাকা | প্রকল্প সাহায্য | টাকা | প্রকল্প সাহায্য |
| | ৩০২৭৯৩০০ | ৮৫৮১৪০০ | ৩০৭৬৬০০০ | ১২৯৬৩০০ |

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

(অংক-হাজার টাকায়)

| **খাত** | **বাজেট ২০২১-২০২২** | **বাজেট ২০২২-২০২৩** |
|---|---|---|
| ক) পরিচালন ব্যয় | | |
| প্রধান কার্যালয় | ২৪৪৭১৯ | ২৬৪১৪৫ |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়সমূহ | ২১৯৪৮৮ | ২৪৭৯৩১ |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়সমূহ | ১১২৩৮৯২ | ১৩২৮৯২১ |
| সহকারী প্রকৌশলীর কার্যালয়সমূহ | ২২৭৭১২৯ | ২৫৭৩৮৭৭ |
| সিনিয়র কেমিষ্টের কার্যালয় | ৮৭৮৭০ | ৯৫৫২৬ |
| বিশেষ কার্যক্রম (মুজিব বর্ষ) | ৯৫৫৭০০ | ৯৬০০০০ |
| সর্বমোট- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পরিচালন ব্যয় | ৪৯০৮৭৯৮ | ৫৪৭০৪০০ |

## খ) উন্নয়ন বাজেট

(অংক-হাজার টাকায়)

| প্রজেক্ট কোড | উন্নয়ন | বাজেট ২০২১-২২ | প্রকৃত ব্যয় ২০২১-২২ | বাজেট ২০২২-২৩ |
|---|---|---|---|---|
| ২২৪০৪০৩০০ | পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় সমূহ পুনঃখনন/ সংস্কার | ৬১৭৬.০০ | ৫৪৬.৫৬ | ৩০০০.০০ |
| ২২৪০৫৩০০০ | পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প। | ১২৫০০.০০ | ১২১৯১.৭৬২ | ০.০০ |
| ২২৪১৩২৩০০ | নোয়াখালী পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন | ১৪৫০.০০ | ১৩৫৮.৩৫ | ০.০০ |
| ২২৪১৩২৪০০ | জামালপুর জেলার তিনটি পৌরসভায় পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প | ২৯১৭.০০ | ২২৮৬.৩০ | ৬৫৫.০০ |
| ২২৪১৩২৮০০ | পীরগঞ্জ পৌরসভার পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণের প্রকল্প | ৬২০.০০ | ৬১০.৭৯ | ০.০০ |
| ২২৪২০৬৪০০ | পানি সরবরাহে আর্সেনিক ঝুকিঁ নিরসন প্রকল্প | ৬০৬৫৪.০০ | ৫৯৯৭৫.০০ | ২২০০০.০০ |
| ২২৪২০৬৫০০ | ৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনা সহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প | ৯২৩৩.০০ | ৯১৪৯.৬৯ | ১৫০০০.০০ |
| ২২৪২০৬৬০০ | অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প | ১১৯০.০০ | ১০৮০.৩২ | ০.০০ |
| ২২৪২৭৫৬০০ | ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন | ১১৩০.০০ | ১১৩০.০০ | ০.০০ |
| ২২৪২৮৬৭০০ | পরিবেশ বান্ধব সোলার ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহকরণ প্রকল্প | ১৬৯৪.০০ | ১৫৩৫.০০ | ১০২২.০০ |
| ২২৪২৮৮৭০০ | সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প | ৬৫০.০০ | ৬৫০.০০ | ৫০০.০০ |
| ২২৪২৮৮৮০০ | সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প | ৫০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ |
| ২২৪২৯১৩০০ | নোয়াখালী জেলাধীন চৌমূহনী পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প | ১৫৩৩.০০ | ১৫৩২.৫৮১০ | ৭৩৪.০০ |
| ২২৪২৯২৮০০ | পানির গণগতমান পরীক্ষা ব্যবস্থাপনা শক্তিশালীকরণ প্রকল্প | ৩৭১৯.০০ | ৩৭১৮.৪৩০ | ১০১৭২.০০ |
| ২২৪২৯৯২০ | খাগড়াছড়ি জেলার বিভিন্ন গ্রামসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা | ১৯৯৩.০০ | ১৯৫৫.৮৫ | ২৪৬৫.০০ |
| ২২৪৩০৩৪০০ | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প | ১৫১৯৫৩.০০ | ১৫১৩৫০.৬৮০৬ | ১৭৬৬৯৯.০০ |
| ২২৪০৫৩১০০ | পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলায় | ২৫৫৫.০০ | ২৪৯৮.৫৫ | ০.০০ |

| | নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন | | | |
|---|---|---|---|---|
| **প্রজেক্ট কোড** | **উন্নয়ন** | **বাজেট ২০২০-২১** | **প্রকৃত ব্যয় ২০২০-২১** | **বাজেট ২০২১-২২** |
| ২২৪০৫৩১০০ | জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্যায়) | ৪৮.০০ | ৪৭.৭১ | ০.০০ |
| ২২৪৩০৬৭০০ | দেশের পৌরসভাগুলোর উৎপাদক নলকূপসমূহের পুনরুজ্জীবিতকরণ | ১৩৯৯.০০ | ১৩৯৮.৭৪ | ৮১০.০০ |
| ২২৪৩১২৩০০ | কুলাউড়া ও গোপালগঞ্জ পৌরসভার পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প | ৮১.০০ | ৪৫.০০ | ২৭৯.০০ |
| ২২৪৩১৮৮০০ | হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প | ১৪৪৩০.০০ | ১৪৪২৮.২৭ | ২৪০০০.০০ |
৪। মালামালের গণগতমান নিশ্চিতকরণ সাপেক্ষে এস এস পাম্পবডির ব্যবহার শুরু করা যেতে পারে।

৫। অধিক ডিসচার্জের জন্য পরবর্তীতে পরীক্ষামূলকভাবে ২.৫” সিলিন্ডারযুক্ত কনভেনশনাল ডিপসেট পাম্প ব্যবহার করে দেখা যেতে পারে।

৬। ঢালাই লোহার তৈরী পাম্পবডির ভেতরের অংশ ক্ষয়প্রাপ্ত হওয়ায় সৃষ্ট সমস্যাগুলি দূরীকরণে এস এস এর তৈরী পাম্পবডি ব্যবহারের পরিবর্তে ঢালাই লোহার তৈরী পাম্পবডির ভেতরে এস এস লাইনিং প্রদান করা যেতে পারে।

চ) অন্যান্য উন্নয়নমূলক কর্মকান্ডঃ

ভূগর্ভস্থ পানির সর্বনিম্ন স্থিতিতলের ইউনিয়ন ভিত্তিক তথ্য অধিদপ্তরের বুদ্ধিবৃত্তিক সম্পদ। বিগত প্রায় ৩০ বছরের বেশী সময় ধরে অধিদপ্তরীয় গ্রাউন্ড ওয়াটার সার্কেল এর তত্বাবধানে উক্ত তথ্য সংগ্রহ প্রক্রিয়া চলমান রয়েছে। চলতি বছর অনলাইনে উক্ত তথ্য সংগ্রহ করা হয়। ৮ টি জেলা বাদে সকল জেলা হতে তথ্য প্রদানে প্রশংসনীয় সাড়া পাওয়া যায়। এছাড়া নলকূপের বোরলগ সঠিকভাবে পূরণের সুবিধার্থে সকল উপজেলায় সংশোধিত বোরলগ ফর্ম ও বিভিন্ন আকার ও রঙের বালুর নমূনা সমন্বয়ে প্রস্তুতকৃত স্যান্ড কমপ্যারেটর সরবরাহ করা হয়।




চিত্রঃ স্যান্ড কমপ্যারেটর, ফোর্স পাম্প ও ন্যানো ফিল্টার

বাজারে প্রচলিত ফোর্স পাম্প এর গণগতমান নিম্নমানের হওয়ায় বিভিন্ন প্রযুক্তির নকশায় উক্ত ফোর্স পাম্প এর অন্তর্ভুক্তি চাহিদা থাকা সত্বেও সম্ভবপর (feasible) হয় না। এই সমস্যা সমাধানে স্থানীয় উদ্যোক্তার সহায়তায় অধিক ডিসচার্জ সম্পন্ন উন্নত প্রযুক্তির ফোর্স পাম্প ডেভেলপ করা হয়েছে এবং বিভিন্ন স্থানে পাইলোটিং এর মাধ্যমে পাম্পটির উপযোগীতা যাচাই করা হয়েছে। এছাড়াও দেশে প্রথমবারের মতো ন্যানো ফিল্ট্রেশন প্রযুক্তির সাহায্যে পানি পরিশোধনের পাইলোটিং কার্যক্রম গবেষণা ও উন্নয়ন বিভাগের মাধ্যমে চলমান আছে।

## ১১.০ অন্যান্য গুরুত্বপূর্ন কার্যক্রম

### ১১.১ মানব সম্পদ উন্নয়ন:

বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে যেভাবে প্রযুক্তির ব্যবহার বেড়েছে তাতে দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণের বিকল্প নেই। যুগের সাথে তাল মেলানোর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে

সরকারি/বেসরকারি পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রশিক্ষণ কার্যক্রমসমূহ কেন্দ্রীয় এবং আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়ন করা হয়। কেন্দ্রীয়ভাবে প্রশিক্ষণ বিভাগ এ সকল তত্ত্বাবধান করে থাকে।

প্রশিক্ষণসমূহ প্রধানতঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউনিসেফ এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে চলমান বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আয়োজন করা হয়। অনুষ্ঠিত এ সকল প্রশিক্ষণ কর্মসূচির মূল বিষয়বস্তু মূলত কারিগরি, আর্থিক ও প্রশাসনিক। এছাড়াও সিপিটিইউ (CPTU) হতে প্রশিক্ষিত কর্মকর্তাগণের সহায়তায় নভেম্বর ২০১৩ সাল থেকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দেশের সকল নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীদের পর্যায়ক্রমে ইলেকট্রনিক টেন্ডারিং (e-GP) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেছে। ২০২১-২০২২ অর্থবছরে ৬৩টি ব্যাচে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল পর্যায়ে মোট ১৬১৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।




ভাগ ই-ফাইলিং এর মাধ্যমে করা হচ্ছে। চলতি অর্থবছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণের তথ্যাদির বিবরণীঃ

| ক্রমিক নং | প্রশিক্ষণের শিরোনাম | প্রশিক্ষণের তারিখ ও মেয়াদকাল | প্রশিক্ষনার্থীর সংখ্যা | মোট জন ঘন্টা |
|---|---|---|---|---|
| ০১ | "Contract Management System (CMS)" শীর্ষক প্রশিক্ষণ। (Virtual) | | ১৮১ জন | ৩৬২ জন ঘন্টা |
| | খুলনা ও রাজশাহী সার্কেলের আওতায় জেলাসমূহ | ০৫ নভেম্বর/২০২০, ১দিন | | |
| | রংপুর ও ফরিদপুর সার্কেলের আওতায় জেলাসমূহ | ০৮ নভেম্বর/২০২০, ১দিন | | |
| | সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম সার্কেলের আওতায় জেলাসমূহ | ১০ নভেম্বর/২০২০, ১দিন | | |
| | বরিশাল, ঢাকা ও ময়মনসিংহ সার্কেলের আওতায় জেলাসমূহ | ১২ নভেম্বর/২০২০, ১দিন | | |
| | গ্রাউন্ড ওয়াটার, ভান্ডার, ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিজাইন ও ল্যাবরেটরী সার্কেলের আওতায় অফিসসমূহ | ১৫ নভেম্বর/২০২০, ১দিন | | |
| | প্রকল্প পরিচালকগণ | ১৭ নভেম্বর/২০২০, ১দিন | | |
| | প্রকল্প পরিচালকগণ | ১৯ নভেম্বর/২০২০, ১দিন | | |
| ০২ | পুকুর পুনঃখনন কাজ এবং হস্তচালিত পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর উপর প্রশিক্ষণ প্রদান (ফরিদপুর) | ০১ দিন | ৩৪ জন | ২৭২ জন ঘন্টা |
| ০৩ | হস্তচালিত পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) পরিচালন ও রক্ষণাবেক্ষণ সহায়িকা প্রদান এবং এর উপর প্রশিক্ষণ প্রদান (ফরিদপুর) | ০১ দিন | ৩০ জন | ২৪০ জন ঘন্টা |
| ০৪ | হস্তচালিত পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) পরিচালন ও রক্ষণাবেক্ষণ সহায়িকা প্রদান এবং এর উপর প্রশিক্ষণ প্রদান (মাগুড়া) | ০১ দিন | ২৫ জন | ২০০ জন ঘন্টা |
| ০৫ | সোলার পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) পরিচালন ও রক্ষণাবেক্ষণ সহায়িকা প্রদান এবং এর উপর প্রশিক্ষণ প্রদান (সাতক্ষীরা) | ০১ দিন | ২৭ জন | ২১৬ জন ঘন্টা |
| ০৬ | সোলার পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) পরিচালন ও রক্ষণাবেক্ষণ সহায়িকা প্রদান এবং এর উপর প্রশিক্ষণ প্রদান (বাগেরহাট) | ০১ দিন | ২৮ জন | ২২৪ জন ঘন্টা |
| ০৭ | সোলার পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) পরিচালন ও রক্ষণাবেক্ষণ সহায়িকা প্রদান এবং এর উপর প্রশিক্ষণ প্রদান (বরগুনা) | ০১ দিন | ২৯ জন | ২৩২ জন ঘন্টা |
| ০৮ | সোলার পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) পরিচালন ও রক্ষণাবেক্ষণ | ০১ দিন | ২৭ জন | ২১৬ জন ঘন্টা |

| | | | | |
|---|---|---|---|---|
| | সহায়িকা প্রদান এবং এর উপর প্রশিক্ষণ প্রদান (পিরোজপুর) | | | |
| ০৯ | পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক ওরিন্টেশন কোর্স | ০৩ দিন (২টি ব্যাচ)<br>১৩-১৮ ফেব্রুয়ারি ২০২১ | ৫২ জন | ১২৪৮ জন ঘন্টা |
| ১০ | পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক ওরিন্টেশন কোর্স | ০৫ দিন (২টি ব্যাচ)<br>৩০জানুঃ-১০ফেব্রুঃ ২০২১ | ৪৩ জন | ৩৪৪ জন ঘন্টা |
| ১১ | অফিস ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্স | ০৩ দিন (২টি ব্যাচ)<br>৩০ ফেব্রু-০৮মার্চঃ ২০২১ | ৬৯ জন | ৫৫২ জন ঘন্টা |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য APA অনলাইন প্রশিক্ষণ কোর্স | ০১ দিন (৯টি ব্যাচ)<br>০৩-১৩জুন ২০২১ | ৪২৯ জন | ৩৪৩২ জন ঘন্টা |
| ১৩ | "সেপটিক ট্যাংক পরিষ্কারকরণ ও ব্যবস্থাপনা" শীর্ষক প্রশিক্ষণ কোর্স | ০১ দিন (১৪টি ব্যাচ)<br>২৬জানুঃ-১৫মার্চ ২০২১ | ৪১৯ জন | ৩৩৫২ জন ঘন্টা |
| ১৪ | পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০৩ দিন | ২৫৬ জন | ৬১৪৪ জন ঘন্টা |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাদের উন্নয়ন কাজ বাস্তবায়ন সংক্রান্ত অবহিতকরণ (অনলাইন) | ১২ দিন | ৫৯০ জন | ২১২৪০ জন ঘন্টা |
| | | | **মোট** | **৩৯২৮৪ জন ঘন্টা** |
| | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বর্তমানে কর্মরত ১ম এবং ২য় শ্রেণীর কর্মকর্তার সংখ্যা ৭৮৪ জন্য** | | | **৩৯২৮৪/৭৮৪<br>=৫০.১০ ঘন্টা/জন** |

## ১১.৩ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) আওতাভুক্ত অঞ্চলে পানি সরবরাহ ব্যবস্থা বাস্তবায়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিপ্তর

বাংলাদেশের দ্রুত অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশে অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) নভেম্বর, ২০১০ খ্রিঃ হতে বাংলাদেশের শিল্প সম্ভাবনাময় অঞ্চলসমূহ চিহ্নিত করণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। অদ্যবধি, ৫৯ টি সরকারি ও ২৯ টি ব্যক্তিগত অর্থনৈতিক অঞ্চল চিহ্নিত করণ সম্পন্ন হয়েছে ও উন্নয়ন কার্য পরিচালিত হচ্ছে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) প্রকল্পাধীন অঞ্চলে পানি সরবরাহের লক্ষ্যে ১১ অক্টোবর, ২০১৫ খ্রিঃ তারিখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারক অনুযায়ী উৎপাদক ও পরীক্ষামূলক নলকূপ স্থাপন, প্রয়োজনীয় ক্ষেত্রে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন ও পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের কাজ পরিচালনা করে আসছে। পানি সরবরাহ নিশ্চিত করণে জামালপুর অর্থনৈতিক অঞ্চলে ৪টি, শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে ৮টি, সাবরাং ও জালিয়াদ্বীপ অর্থনৈতিক অঞ্চলে ৮টি, মহেশখালী অর্থনৈতিক অঞ্চলে ৫টি, আনোয়ারা অর্থনৈতিক অঞ্চলে ২টি ও মীরসরাই অঞ্চলে ২৫টি পরীক্ষামূলক নলকূপ এবং কক্সবাজার জেলার বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে ১৪টি পরীক্ষামূলক নলকূপ স্থাপন করা হয়েছে। এছাড়াও, শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে ৫টি উৎপাদক নলকূপ স্থাপন এবং বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর, মীরসরাই, চট্টগ্রাম অর্থনৈতিক অঞ্চলে ২৫টি উৎপাদক নলকূপ স্থাপন করাসহ আরোও ২৫টি উৎপাদক নলকূপ এর কাজ চলমান আছে। জামালপুর অর্থনৈতিক অঞ্চলে ৬টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে। শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে আরোও ২টি উৎপাদক নলকূপ, ৩০০০ ঘনমিটার ধারন ক্ষমতাসম্পন্ন ভূ-গর্ভস্থ জলাধার এবং জলাধার থেকে ৩.৫ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন করা হয়েছে ও নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ১০ এমএলডি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এবং বাওড় ডেভেলপমেন্ট এর কাজ চলমান আছে। এছাড়াও বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর, মীরসরাই, চট্টগ্রাম অঞ্চলে ৩০০০ ঘনমিটার ও ৬৪০০ ঘনমিটার ধারন ক্ষমতাসম্পন্ন ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ করা হয়েছে ও ১২.৭৪ কিমি ট্রান্সমিশন পাইপ লাইন স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। জামালপুর অর্থনৈতিক অঞ্চলে ১০ এমএলডি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এর কাজ চলমান আছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সকল সময়ে উন্নয়নের চালিকা শক্তি ও বিনিয়োগের প্রবর্তক হিসেবে বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) এর সফল সহযোগী এবং উন্নত স্বাস্থ্যকর বাংলাদেশে গড়ায় বদ্ধপরিকর।

**অন্যান্যঃ**

এছাড়া, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জাইকা সাহায্যপুষ্ট "Project for improvement of Comprehensive Management Capacity of DPHE on Water Supply" (PICMaC-DPHE) শীর্ষক প্রকল্পের আওতায় Comprehensive Technical Guideline প্রণয়নের অংশ হিসেবে অক্টোবর/ ২০১৭ সময়কালে প্রকল্পে কর্মরত জাইকা বিশেষজ্ঞ দল ৩টি পাইলট এলাকায় (গাজীপুর, চট্টগ্রাম এবং খুলনা) গমন করেন এবং অধিদপ্তরের জেলা পর্যায়ের কার্যালয়ে মত বিনিময় সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় অত্র অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বিশেষ করে জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী এবং উপজেলা পর্যায়ের সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলীগণ মেকানিকসহ প্রকল্পের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রমসহ Guideline Testing এর প্রয়োজনীয়তা আলোচনা করা হয়।

**১১.৪ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন কৌশল**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক এস ডি জি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এস ডি জি এর ৬ নম্বর অভীষ্ট হলো ২০৩০ সালের মধ্যে সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা, যার মধ্যে দুটি লক্ষ্যমাত্রা (৬.১ ও ৬.২) সরাসরি পানি সরবরাহ ও স্যানিটেশনের সহিত জড়িত। লক্ষ্যমাত্রা দুটির অগ্রগতি নির্ণয়ে ব্যবহৃত নির্দেশক দুটি হলো 'মোট জনসংখ্যার মধ্যে নিরাপদ ব্যবস্থাপনায় খাবার পানি সেবা ব্যবহারকারীর অনুপাত' ও 'সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার সুবিধাসহ নিরাপদ ব্যবস্থাপনার স্যানিটেশন সেবা ব্যবহারকারীর অনুপাত'। উল্লেখ্য যে, সাধারণ অর্থনৈতিক বিভাগের প্রতিবেদন অনুযায়ী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে এস ডি জি লক্ষ্যমাত্রা ৬.১ ও ৬.২ বাস্তবায়নের Lead Agency এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে  নির্ধারিত নির্দেশক অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত হিসেবে নির্ধারণ করা হয়েছে। তবে লক্ষ্যমাত্রাগুলো বাস্তবায়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিম্নোক্ত চ্যালেঞ্জগুলো মোকাবেলা করছে।

- এসডিজি অর্জনে সবার জন্য নিরাপদ পানি নিশ্চিত করা অন্যতম পূর্বশর্ত; দ্রুত হারে নগরায়নের ফলে ক্রমবর্ধিষ্ণু জনগনের পানির চাহিদা মেটানো জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরর মূল চ্যালেঞ্জ।
- নগরায়নের ফলে দিন দিন ভূ-উপরিস্থ পানি দূষিত হচ্ছে। ফলে ভূ-উপরিস্থ পানি ব্যবহারের অনুপোযোগি হয়ে সুপেয় পানি প্রাপ্তি দুর্লভ হয়ে যাচ্ছে।
- উত্তরোত্তর ভূ-গর্ভস্থ পানির ব্যবহারে পানির স্তর অত্যাধিক নিচে নেমে যাওয়ায় পানি উত্তোলন টেকসই ও পরিবেশ বান্ধব হচ্ছে না।
- শতভাগ পয়ঃসেবা প্রদানের জন্য উল্লেখযোগ্য পয়ঃ শোধনাগার ও অবকাঠামোর অভাব।

২০৩০ সালের মধ্যে সমগ্র দেশে নিরাপদ পানি ও পয়ঃনিস্কাশন সেবার সর্বজনীন ও সমতাভিত্তিক প্রবেশাধিকারের লক্ষ্য অর্জন তথা এসডিজি বাস্তবায়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বদ্ধপরিকর। সেই লক্ষ্যমাত্রা অর্জনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ব্যাপক কর্মকান্ড বাস্তবায়ন করছে।

- এসডিজি বাস্তবায়নকারীদের দক্ষতা উন্নয়নে বহুমুখী প্রশিক্ষনে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ;
- স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়নে মাঠ পর্যায়ে ফোকাল পয়েন্ট মনোনয়নপুর্বক তাদের প্রশিক্ষণ প্রদান এবং তাদের  মাধ্যমে তৃণমূল পর্যায়ে এসডিজি বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ;
- পানির টেকসই ব্যবহার নিশ্চিত ও জনসচেতনতা সৃষ্টির করার জন্য পৌরসভা সমূহে নিরাপদ পানি পরিকল্পনা বাস্তবায়নসহ বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;
- এসডিজি বাস্তবায়নে জনসেবার মান বৃদ্ধিতে বিভিন্ন ইনোভেশন আইডিয়া পাইলোটিং কার্যক্রম গ্রহণ;

- এসডিজি সংশ্লিষ্ট চলমান কর্মকান্ড পরিবীক্ষণে প্রতিষ্ঠানিক উদ্যোগ গ্রহনের পরিকল্পনা প্রণয়ন;
- পানির গণগতমান পরীক্ষণ, নিরীক্ষণ এবং পরীবিক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠায় পদক্ষেপ গ্রহণ।

বিগত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা এর বাস্তবায়নের পরবর্তীতে বর্তমানে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময় এসেছে। শুধুমাত্র লক্ষ্যমাত্রা অর্জন নয়, অর্জিত লক্ষ্যমাত্রা ধরে রাখার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এসডিজি বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মধ্য দিয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ স্যানিটেশন সেক্টরে নেতৃত্বের ভূমিকা আরো জোরদার হবে।

## ১২.০ দেশের পৌরসভাগুলোর উৎপাদক নলকূপসমূহের পুনরুজ্জীবিতকরণ প্রকল্প

জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন ‘দেশের পৌরসভাগুলোর উৎপাদক নলকূপসমূহের পুনরুজ্জীবিতকরণ (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের মেয়াদকাল জানুয়ারি ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত এবং প্রকল্পের প্রাক্কলিত ব্যয় টাকা ৩৫,৪৪,২৫,০০০/- (পয়ত্রিশ কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচিশ হাজার) মাত্র। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থায় বিদ্যমান কম কার্যকারিতা সম্পন্ন  উৎপাদক নলকূপসমূহের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা।উৎপাদক নলকূপসমূহের বৈদ্যুতিক ও যান্ত্রিক অংশের প্রতিস্থাপন অথবা পুনর্বাসনসহ পাম্প হাউজের পুনর্বাসনের মাধ্যমে কম জ্বালানী খরচ ও সর্বোচ্চ দক্ষতা অর্জন করা।পৌরসভাকে অন্তর্ভুক্ত করে নলকূপ পর্যবেক্ষণ ব্যবস্থার সূচনা করা উন্নত প্রযুক্তির মাধ্যমে বিদ্যমান নলকূপ পুনরুজ্জীবিতকরণ ইউনিটসমূহের উন্নতিকরণ।সকল উৎপাদক নলকূপসমূহের স্থান নির্দেশক GIS ম্যাপ এবং নলকূপসমূহের কার্যকারিতার তথ্য সম্বলিত ডাটাবেজ তৈরি করা।প্রকল্পের মূল কার্যক্রমের মধ্যে রয়েছে ৩৮২ টি উৎপাদক নলকূপের পাম্পিং টেস্ট , ৩৮২ টি উৎপাদক নলকূপের পুনরুজ্জীবিতকরণ, ২ টি ট্রাকসহ উৎপাদক নলকূপ পুনরুজ্জীবিতকরণ ইউনিট ক্রয়, ১২১ টি  অটো লগার স্থাপন, ৩৯৬ টি বাল্ক মিটার স্থাপন করা, ২১৭ টি পাম্প ক্রয় ও প্রতিস্থাপন, ৮০ টি পাম্প হাউজ মেরামত ও সংরক্ষণ, ৩৮২ টি উৎপাদক নলকূপের সাথে পর্যবেক্ষণ ব্যবস্থার সূচনা, ২ টি উন্নত প্রযুক্তির মাধ্যমে বিদ্যমান পুনরুজ্জীবিতকরণ ইউনিটের আধুনিকায়ন, ৮০ টি বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তির ব্যবহারসহ বৈদ্যুতিক মেরামত ও সংরক্ষণ এবং শহর কেন্দ্রিক পানি সরবরাহ ব্যবস্থার তথ্য ভান্ডার প্রস্তুতকরণ। ইতোমধ্যে ৩৮২ টি উৎপাদক নলকূপের পাম্পিং টেস্ট, ১১৫ টি উৎপাদক নলকূপের পুনরুজ্জীবিতকরণ, ১টি ট্রাকসহ উৎপাদক নলকূপ পুনরুজ্জীবিতকরণ ইউনিট ক্রয়, ১২১ টি  অটো লগার স্থাপন, ৩৯৬ টি বাল্ক মিটার স্থাপন, ১৬০ টি পাম্প ক্রয় ও প্রতিস্থাপন, ৪৮ টি পাম্প হাউজ মেরামত ও সংরক্ষণ করা হয়েছে, ২৫০ টি উৎপাদক নলকূপের সাথে পর্যবেক্ষণ ব্যবস্থার সূচনা করা হয়েছে এবং শহর কেন্দ্রিক পানি সরবরাহ ব্যবস্থার তথ্য ভান্ডার প্রস্তুত করা হয়েছে।

**নতুন ক্রয়কৃত রিজেনারেশন ইউনিট**






## উৎপাদক নলকূপের পাম্পিং টেস্ট



পুনরু










**অটো লগার স্থাপন**










## ১৩.০ APA (Annual Performance Agreement):

সরকারের বিঘোষিত নীতি ও কর্মসূচি যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকান্ডে স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-২০১৫ অর্থ-বছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয় সমূহের জন্য পৃথক পৃথক নীতিমালা কাঠামো, অনুসরণীয় প্রক্রিয়া এবং কার্যালয়সমূহের জন্য পৃথক নীতিমালা প্রনয়ণ করা হয়েছে। রুপকল্প ২০১১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ২০৩০, ৭ম পঞ্চবার্ষিক কর্ম-পরিকল্পনা এবং সরকারের সার্বিক উন্নয়ন-অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্য রেখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠপর্যায়ের কার্যালয়সমূহ হতে ২০২০-২০২১ অর্থ-বছরে স্ব স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করেছে। কর্মসম্পাদন চুক্তিতে মন্ত্রণালয়/বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য অগ্রাধিকার ভিত্তিতে করণীয় বিষয়সমূহ (Activities) এবং কর্মসম্পাদন সূচক (Performance Indicators) ও লক্ষ্যমাত্রাসমূহ (Targets) বিধৃত রয়েছে। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর বার্ষিক অর্জন (জুলাই'২০-জুন'২১) নিম্নরূপঃ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর অর্জন (জুলাই'২১-জুন'২২)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | একক | চুড়ান্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| [১] পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করা | ২৩ | [১.১] পৌর এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | [১.১.১] স্থাপিত নলকূপ/ উৎস | ৩২৫ | সংখ্যা | ৩৬৫ |
| | | [১.২]পৌর এলাকায় উৎপাদক নলকূপের মাধ্যমে পানি সরবরাহ | [১.২.১] স্থাপিত/প্রতিস্থাপিত উৎপাদক নলকূপ | ৬০ | সংখ্যা | ৭৯ |
| | | | [১.২.২] পরীক্ষামূলক নলকূপ | ৪৫ | সংখ্যা | ২৫০ |
| | | | [১.২.৩] পুনরুজ্জীবিত উৎপাদক নলকূপ | ৯০ | সংখ্যা | ১০২ |
| | | [১.৩] পৌর এলাকায় ভূগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ | [১.৩.১] নির্মিত ভূগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট | ৬ | সংখ্যা | ১৩.৪৫ |
| | | [১.৪] পৌর এলাকায় ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ | [১.৪.১] নির্মিত ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট | ৩ | সংখ্যা | ৩.৯০ |
| | | [১.৫] পৌর এলাকায় ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ | [১.৫.১] নির্মিত ওভারহেড ট্যাঙ্ক | ১৫ | সংখ্যা | ৩৩.৯০ |
| | | [১.৬] পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ | [১.৬.১] নির্মিত পাম্প হাউজ | ৫০ | সংখ্যা | ৮১ |
| | | [১.৭] পৌর এলাকায় পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ | [১.৭.১] স্থাপনকৃত পাইপ লাইন | ৬৬০ | কি:মি: | ৯৯৪.৬৩ |
| | | | [১.৭.২] গৃহ সংযোগ | ২৫০০০ | সংখ্যা | ৩৭৪৭৬ |
| [২] পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ২০ | [২.১] পল্লী/পৌর এলাকায় ইম্প্রুভড /স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন নির্মাণ | [২.১.১] নির্মিত ইম্প্রুভড/ স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন | ৬২০০ | সংখ্যা | ৯৭৭০ |
| | | [২.২] পল্লী/ পৌর এলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ | [২.২.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন | ১৩০ | সংখ্যা | ২৮৭ |
| | | [২.৩] পল্লী/ পৌর এলাকায় ড্রেন নির্মাণ | [২.৩.১] নির্মিত ড্রেন | ৫০ | কি:মি: | ৭৫.২১ |
| [৩] পল্লী এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করা | ১৭ | [৩.১] গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | [৩.১.১] স্থাপিত নলকূপ/ উৎস | ১৩০২০০ | সংখ্যা | ১৯৭০১৩ |
| | | | [৩.১.২] নির্মিত পন্ডস্যান্ড ফিল্টার | ৩০০ | সংখ্যা | ৩৬০ |
| | | [৩.২] গ্রামীণ এলাকায় পুকুর খনন/পুনঃখনন স্কীম | [৩.২.১] খননকৃত/ পুনঃখননকৃত পুকুর | ৯০ | সংখ্যা | ১৩০ |
| [৪] পানির গুণগত মান নিশ্চিতকরণ | ১০ | [৪.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ | [৪.১.১] পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা | ১৩০৫২৫ | সংখ্যা | ২৫৪৬০৩ |

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অর্জন (জুলাই'২১-জুন'২২)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | একক | চূড়ান্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| [১] প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | ২২ | [১.১] নৈতিকতা কমিটির সভা আয়োজন | [১.১.১] সভা আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ |
| | | [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.২.১] বাস্তবায়িত সিদ্ধান্ত | ১০০.০০% | % | ১০০.০০% |
| | | [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | [১.৩.১] অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ৪ |
| | | [১.৪] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | [১.৪.১] প্রশিক্ষণ আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ |
| | | [১.৫] কর্ম-পরিবেশ উন্নয়ন | [১.৫.১]উন্নত কর্ম-পরিবেশ | ৪<br>৩০/০৯/২১<br>৩১/১২/২১<br>৩১/০৩/২২<br>৩০/০৬/২২ | সংখ্যা ও তারিখ | ৪০<br>৩০/০৯/২১<br>৩১/১২/২১<br>৩১/০৩/২২<br>৩০/০৬/২২ |
| | | [১.৬] জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | [১.৬.১] কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ১০/০৬/২০২১<br>৩০/০৯/২১<br>৩১/১২/২১<br>৩১/০৩/২২<br>৩০/০৬/২২ | তারিখ | ১০/০৬/২০২১<br>৩০/০৯/২১<br>৩১/১২/২১<br>৩১/০৩/২২<br>৩০/০৬/২২ |
| | | [১.৭] আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | [১.৭.১]ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৩০/০৯/২১<br>৩১/১২/২১<br>৩১/০৩/২২<br>৩০/০৬/২২ | তারিখ | ৩০/০৯/২১<br>৩১/১২/২১<br>৩১/০৩/২২<br>৩০/০৬/২২ |
| | | [১.৮] শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | [১.৮.১]প্রদত্ত পুরস্কার | ৩০/০৬/২০২২ | তারিখ | ৩০/০৬/২০২২ |
| [২] আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | ৮ | [২.১] ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | [২.১.১] ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩০/০৯/২১ | তারিখ | ৩০/০৯/২১ |
| | | [২.২] প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | [২.২.১] সভা আয়োজিত | ৪০ | সংখ্যা | ৪০ |
| | | [২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৩.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ১০০.০০% | % | ৯৬.৯০% |
| | | [২.৪] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | [২.৪.১] প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ৩১/০৩/২২ | তারিখ | ৩১/০৩/২২ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| [৩] শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম | ২০ | [৩.১] পানি উৎস স্থাপন কাজের বিপরীতে সহায়ক চাঁদার টাকা সরকারি কোষাগারে জমা | [৩.১.১] সহায়ক চাঁদার টাকা সরকারি কোষাগারে জমাকৃত প্রতিবেদন | ৩০/০৬/২২ | তারিখ | ৩০/০৬/২২ |
| | | [৩.২] শুদ্ধাচার প্রতিষ্ঠায় ও দূর্নীতি প্রতিরোধে কর্মশালা | [৩.২.১] দূর্নীতি বিরোধী কর্মশালা অনুষ্ঠিত | ২<br>৩০/০৯/২১<br>৩১/০৩/২২ | সংখ্যা ও তারিখ | ২<br>৩০/০৯/২১<br>৩১/০৩/২২ |
| | | [৩.৩] গ্রামীণ পানি সফটওয়্যার এর মাধ্যমে পল্লি এলাকার প্রকল্পের ডাটাবেস তৈরি | [৩.৩.১] পল্লি এলাকার প্রকল্পের ডাটাবেস তৈরিকৃত | ২<br>৩০/০৯/২১<br>৩১/০৩/২২ | সংখ্যা ও তারিখ | ২<br>৩০/০৯/২১<br>৩১/০৩/২২ |
| | | [৩.৪] পানির স্থিতিতলের ডাটা এন্টির ওয়েব ইন্টারফেস এ্যাপসের মাধ্যমে ডাটাবেস তৈরি | [৩.৪.১] পানির স্থিতিতলের ডাটাবেস তৈরিকৃত | ২<br>৩০/০৯/২১<br>৩১/০৩/২২ | সংখ্যা ও তারিখ | ২<br>৩০/০৯/২১<br>৩১/০৩/২২ |
| | | [৩.৫] পানির গুনগতমান পরীক্ষাকরণ | [৩.৫.১] পানি পরীক্ষা | ১৩০০০০ | সংখ্যা | ১৩০০০০ |

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অর্জন (জুলাই'২১-জুন'২২)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | একক | চূড়ান্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩৫ | [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | ১৬/০৩/২০২২ | তারিখ | ১৩/০৩/২০২২ |
| | | [১.২] সেবা সহজিকরণ | [১.২.১] একটি সেবা সহজিকৃত | ২৫/০২/২০২২ | তারিখ | ১৫/০৯/২০২১ |
| | | [১.৩] সেবা ডিজিটাইজেশন | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | ৩০/১২/২০২১ | তারিখ | ২৮/১২/২০২১ |
| | | [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | ৩০/০৮/২০২১ | তারিখ | ২৩/০৮/২০২১ |
| | | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৪.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | ৮০.০০% | % | ৮৮.৯১% |
| | | [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ |
| [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | ১৫ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | ৪ | সংখ্যা | ৪ |
| | | | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | ৪ | সংখ্যা | ৪ |
| | | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ৮০.০০% | % | ১০০.০০% |
| | | | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ |
| | | | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | ১৩/০১/২০২২ | তারিখ | ০৬/০১/২০২২ |
| | | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | ৩০/০৫/ ২০২২ | সংখ্যা | ১৮/০৫/ ২০২২ |

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অর্জন (জুলাই’২১-জুন’২২)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | একক | চূড়ান্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | ১০০.০০% | % | ১০০.০০% |
| | | [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত | ৪ | সংখ্যা | ৪ |
| সক্ষমতা অর্জন | ১৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ |
| | | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [২.২.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | ২ | সংখ্যা | ২ |

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অর্জন (জুলাই’২১-জুন’২২)

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | একক | চূড়ান্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা | ৫ | [১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত | ৪ | সংখ্যা | ৪ |
| পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়ন | ২০ | [২.১] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | [২.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | ৯০.০০% | % | ৯০.০০ % |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | [২.২] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [২.২.১] প্রশিক্ষণ আয়োজিত | ৪ | সংখ্যা | ৪ |
| | | [২.৩] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | ৪ | সংখ্যা | ৪ |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা | [২.৪.১] সভা অনুষ্ঠিত | ২ | সংখ্যা | ২ |

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অর্জন (জুলাই'২১-জুন'২২)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | একক | চুড়ান্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকৃত | ১০০.০০% | % | ১০০.০০% |
| সক্ষমতা বৃদ্ধি | ১৫ | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | ৩১-১২-২০২১ | তারিখ | ২৯-১১-২০২১ |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | ১৫-১০-২০২১ | তারিখ | ২৯-০৯-২০২১ |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতকৃত/ হালনাগাদকৃত | ৩১-১২-২০২১ | তারিখ | ০৯/১২/২০২১ |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | ৩ | সংখ্যা | ৩ |
| | | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | ৩ | সংখ্যা | ৩ |

**বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (Annual Performance Agreement) বাস্তবায়ন তথ্য**

ফোকাল পয়েন্ট
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।
ফোন: ০২-৫৫১৩০৭৩০, E-mail: addlce.wr@dphe.gov.bd

**১৪.০ ২০২১-২০২২ অর্থ বছরের উল্লেখযোগ্য সাফল্যঃ**

**পদ্মা সেতু উদ্বোধন সংক্রান্ত:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২৫ জুন, ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষ্যে শিবচর উপজেলার কাঠালবাড়ী ফেরীঘাটে আয়োজিত জনসভা স্থলে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক জনসভায় উপস্থিত গন্যমান্য ব্যাক্তিবর্গের জন্য চলমান পানি সরবরাহসহ ২০টি ভিআইপি টয়লেট স্থাপন করা হয়। জনসভায় উপস্থিত গন্যমান্য ব্যক্তিবর্গের জন্য ৬০ হাজার পানির বোতল সরবরাহ করা হয়। অনুষ্ঠানস্থলে উপস্থিত জনগনের জন্য সার্বক্ষণিক নিরাপদ ও সুপেয় পানি সরবরাহ লক্ষ্যে সাবমারসিবল পাম্পসহ ২টি উৎপাদক নলকূপ, ১২টি উচ্চ জলাধার এবং ৫০০টি ট্যাপের মাধ্যমে পাইপড ওয়াটার সাপ্লাই করা হয়। প্রয়োজন সাপেক্ষে মোবাইল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থাও রাখা হয়। জনসভায় উপস্থিত জনগনের জন্য নিরবচ্ছিন্ন পানি সরবরাহের সুবিধা সম্বলিত ৫০০টি অস্থায়ী টয়লেট নির্মান করা হয়।





**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক পদ্মা সেতু উদ্বোধনস্থল পরিদর্শন**

**স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী সৌধ:**

স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষ্যে নির্মিত হয় এই সৌধ। ভাষা, অধিকার এবং স্বাধীনতার জন্য আমাদের অতীতের সংগ্রামমুখর আন্দোলন আর স্বাধীনতা যুদ্ধ। আমাদের সেই গৌরবোজ্জ্বল অতীতকে সাথে নিয়ে স্বাধীনতার ৫০ বৎসর পূর্ণ হয়েছে। এই ৫০ বছরে আমরা একটি স্বাধীন জাতি হিসাবে বিকশিত হওয়ার স্বপ্নে কাজ করে যাচ্ছি। এই সৌধ আমাদের সেই বিকশিত হওয়ার প্রতীকী উপস্থাপন। এই সূবর্ণ জয়ন্তী সৌধের নির্মান উপাদান "Rust Metal".আমাদের অতীতের ত্যাগ আর সংগ্রামকে তুলে ধরে পঞ্চাশ বছরে আমাদের বিকাশকে প্রকাশ করেছে চারিদিকে ছড়িয়ে পড়া পাখা গুলি। গত ৩০শে মার্চ ২০২২ তারিখে, এই সৌধটি উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এম,পি ।





**শুদ্ধাচারঃ**

রাষ্ট্রের অন্যতম লক্ষ্য ও দায়িত্ব হল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সমতা, ন্যায়বিচার প্রতিষ্ঠা, এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা। সেই লক্ষ্য বাস্তবায়নেই রাষ্ট্র সুশাসন প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করে। এক্ষেত্রে একটি অপরিহার্য কৌশল হল সমাজ ও রাষ্ট্রকে দুর্নীতিমুক্ত রাখা এবং দেশে শুদ্ধাচার প্রতিষ্ঠা।

**শুদ্ধাচারের ধারনাঃ**

শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ বোঝায়। এর দ্বারা একটি সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বোঝানো হয়। ব্যক্তিপর্যায়ে এর অর্থ হল কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা। ব্যক্তির সমষ্টিতেই প্রতিষ্ঠান সৃষ্টি হয় এবং তাদের সম্মিলিত লক্ষ্য প্রতিষ্ঠানের লক্ষ্যে প্রতিফলিত হয়। প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তিপর্যায়ে শুদ্ধাচার অনুশীলন অত্যন্ত গুরুত্বপূর্ণ; সমন্বিত রুপ হিসেবে প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার অনুশীলনও জরুরী।

**শুদ্ধাচার কৌশল প্রণয়নের প্রেক্ষাপটঃ**

- ❖ প্রাতিষ্ঠানিক নিয়মনীতির উন্নয়ন সাধন।
- ❖ ক্ষেত্রবিশেষে আইন ও পদ্ধতির পরিবর্তন।
- ❖ নতুন আইন ও পদ্ধতির পরিবর্তন।
- ❖ লোকবলের দক্ষতার উন্নয়ন।

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাঃ**

১. সাংগঠনিক ব্যবস্থাপনা
২. সচেতনতা বৃদ্ধি
৩. দক্ষতা উন্নয়ন
৪. বিদ্যমান আইন ও বিধি-বিধান এর সংস্কার
৫. পুরস্কার প্রদান
৬. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন
৭. অভিযোগ নিষ্পত্তি
৮. ইনোভেশন টিম

৯. তথ্য অধিকার
১০. মনিটরিং

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের তথ্যঃ-**

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পরিকল্পনা সার্কেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।
ফোন: ০২-৫৫১৩০৭৪৯, E-mail: se.pc@dphe.gov.bd

**<u>ইনোভেশন কার্যক্রম</u>**

নাগরিক সেবায় উদ্ভাবন ধারণাটি বিশ্বব্যাপী ব্যাপকভাবে আলোচিত। বাংলাদেশ এ সংক্রান্ত চর্চা ও বাস্তবায়ন শুরু হয়েছে। নাগরিকের প্রয়োজন ও চাহিদা বিবেচনা করে সরকারি সেবা প্রদান প্রক্রিয়ার উন্নয়ন বা সহজিকরণই উদ্ভাবনের প্রাথমিক উদ্দেশ্য। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার অনুযায়ী গঠিত ‘ইনোভেশন টিম’ এর তত্ত্বাবধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উদ্ভাবনী চর্চার প্রাতিষ্ঠানিক রূপায়ন ও দেখভাল সম্পন্ন হয়। ২০২১-২০২২ অর্থ বছরে চলমান ও সম্পন্ন উদ্ভাবনী ধারণাগুলি নিম্নরুপঃ

১। ওয়াশ অভিযোগ বক্সঃ দূর্যোগে আপনার পাশে;
২। অধিদপ্তরীয় সকল পর্যায়ের কর্মকর্তাদের কন্ট্রাক্ট ডিরেক্টরী মোবাইল এপ্লিকেশন প্রস্তুত;
৩। ওয়েব এপ্লিকেশন এর মাধ্যমে অনলাইনে ভূ-গর্ভস্থ পানির স্থিতিতলের ইউনিয়ন ভিত্তিক তথ্য সংগ্রহ;
৪। উপজেলা ভিত্তিক টিউবওয়েল স্থাপন তথ্য সহায়িকা;
৫। পানির উৎস বা টিউবওয়েলের বরাদ্দ প্রদানে গ্রাহকের ভোগান্তি নিরসন;
৬। প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও পানির উৎস মেরামতের সহজ সেবাপ্রাপ্তি।







দুইটি উদ্ভাবনী ধারনার ইনফোগ্রাফিক্স

উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে অধিদপ্তরীয় কর্মচারিগণের মধ্যে সেবা গ্রহীতার প্রকৃত অবস্থা অনুধাবনে সহমর্মীতা, নাগরিক সেবার সমস্যা চিহ্নিতকরণের দক্ষতা এবং কাঙ্খিত পরিবর্তন অন্বেষণে পরীক্ষা-নিরীক্ষার ঝুঁকি গ্রহণের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি পরিবর্তনে উদ্ভাবনী প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা হয়। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও ইনোভেশন টিমের নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে উদ্ভাবনী কর্মকান্ড পরিচালনা করা হয়। এছাড়া মেন্টর-মেন্টি নির্বাচন, তালিকা প্রস্তুত ও মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও পরামর্শ প্রদানের মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা দেয়া হয়। ২০২১-২০২২অর্থ বছরের অধিদপ্তরাধীন পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি পূর্বক ওয়েবসাইটে প্রকাশ ও শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা হয়েছে।

**জাতীয় স্যানিটেশন মাসঃ**

স্যানিটেশন একটি মৌলিক মানবাধিকার যা জাতিসংঘ কর্তৃক স্বীকৃত। জনস্বাস্থ্য উন্নয়নে গ্রহীত অধিকাংশ কার্যক্রমই স্যানিটেশনের আওতাভুক্ত। বর্তমান সরকার সকলের জন্য স্যানিটেশন সুবিধা দিতে অঙ্গীকারবদ্ধ। স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরসহ, সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ, বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, গণমাধ্যম এবং সর্বোপরি উপকারভোগী জনগোষ্ঠীর সহযোগিতায় বাংলাদেশে স্যানিটেশন আন্দোলনের অংশ হিসেবে জাতীয় স্যানিটেশন মাস এবং বিশ্ব হাতধোয়া দিবস উদযাপিত হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় এ বছরও অক্টোবর মাসে সারা দেশব্যাপী জাতীয় স্যানিটেশন মাস উদযাপিত হয়েছে। ২০০৩ সাল থেকে প্রায় প্রতি বছর অক্টোবর মাসে জাতীয় স্যানিটেশন মাস পালিত হয়ে আসছে। পাশাপাশি ২০০৮ সাল থেকে জাতিসংঘের আহবানে আন্তর্জাতিক দিবস হিসেবে ১৫ ই অক্টোবর বিশ্ব হাত ধোয়া দিবস পালিত হয়ে আসছে। এ সকল প্রচারাভিযানের মাধ্যমে জনগনের মধ্যে স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি পাচ্ছে।

গত ১৫ই অক্টোবর, ২০২১ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর ২০২১এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। তিনি বলেন, স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিত না করে দেশ উন্নয়ন সম্ভব নয়। দেশে সবার জন্য উন্নত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহবান জানান। স্যানিটেশন ব্যবস্থার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে জনগণের সচেতনতা বাড়ানো অপরিহার্য বলেও মনে করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠান ছাড়াও কেন্দ্রীয় পর্যায়ে জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ, প্রেস ব্রিফিং আয়োজন, প্রেস রিলিজ প্রকাশ, স্যানিটেশন ক্যালেন্ডার মুদ্রণ ও বিতরণ, বিভিন্ন গণমাধ্যমে স্যানিটেশন সংক্রান্ত চলচ্চিত্র/টিভি স্পটসমূহ প্রচার করা হয়। এর পাশাপাশি জেলা/উপজেলা/বিভাগ/সিটি কর্পোরেশন পর্যায়ে অক্টোবর মাসব্যাপী সংশ্লিষ্ট টাস্কফোর্স কমিটির উদ্যোগে র‍্যালী, জনসমাগম হয় এমন স্থানে ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শন, বস্তি ও শহরতলী এলাকায় স্যানিটারী ল্যাট্রিন স্থাপন কার্যক্রম পরিচালনা করা হয়।





চিত্র ঃ বিশ্ব হাত ধোয়া দিবস ২০২১ এর অনুষ্ঠান

**<u>পরিশিষ্ট</u>**

**নলকূপ/ পানির উৎস স্থাপনের জন্য স্থান নির্বাচন পদ্ধতি –**

**নলকূপ/ পানির উৎস স্থাপনের জন্য ইউনিয়ন ওয়ারী বন্টন ও স্থান নির্বাচন পদ্ধতিঃ**

উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি পানিতে আর্সেনিকের মাত্রা, নিরাপদ পানির প্রাপ্যতা, জনগণের সুযোগ সুবিধা, ইউনিয়নের আয়তন, জনসংখ্যা ইত্যাদি বিবেচনা করে ইউনিয়ন গুলোর মধ্যে সুষমভাবে উৎসসমূহের পুনঃবন্টন করবেন।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-স্থাসবি/পাস-১ /বিঃগ্রঃপাঃসঃ /পিএসি- পিআইসি/ প্রকল্প-০১/২০১০/২৬৯(১০) তারিখ-১৭ নভেম্বর, ২০১১ ইং মোতাবেক পানির উৎসগুলো ব্যক্তি পর্যায়ে স্থাপন না করে কমিউনিটি পর্যায়ে স্থাপন করতে হবে। তাছাড়া অতি দরিদ্র জনগোষ্ঠী যাতে সুপেয় পানির সুবিধা পায় সেদিকে অবশ্যই গুরুত্ব দিতে হবে। যেখানে নিরাপদ পানীয় জলের ব্যবস্থা অপ্রতুল সে এলাকায় অগ্রাধিকার ভিত্তিতে পানির উৎস স্থাপন করতে হবে এবং এডিপির আওতায় বরাদ্দকৃত পানির উৎসের স্থান নির্বাচন উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির মাধ্যমে চূড়ান্ত করতে হবে। তবে বরাদ্দের ৫০% স্থান নির্বাচন সংশ্লিষ্ট সংসদ সদস্যের সহিত পরামর্শক্রমে চূড়ান্ত করতে হবে।

**ধরনওয়ারী নলকূপ/পানির উৎস স্থাপন সম্পর্কিত নীতিমালাঃ-**

ভূগর্ভস্থ পানির স্তর বিন্যাসের উপর ভিত্তি করে দেশের সমগ্র এলাকা ৩টি ভাগে বিভক্ত। তন্মধ্যে ৫৮% অগভীর পানি স্তর এলাকা, ৩০% নিম্ন পানি স্তর এলাকা এবং অবশিষ্ট ১২% উপকূলীয় এলাকা। উল্লেখিত এলাকা সমূহে ইতিপূর্বে যথাক্রমে অগভীর নলকূপ, তারা নলকূপ ও গভীর নলকূপ কার্যকর ছিল। দেশের কতিপয় এলাকায় আর্সেনিক দূষণ পরিলক্ষিত হওয়ায় ঐ সকল দূষণ এলাকায় বর্তমানে অগভীর নলকূপ স্থাপন করা সম্ভব হচ্ছে না। আর্সেনিক দূষণ এলাকায় আর্সেনিক সমস্যা নিরসনে জাতীয় নীতিমালা ২০০৪ এর বাস্তবায়ন পদ্ধতি নিম্নোক্তভাবে অনুসরণ করে নলকূপ/ পানির উৎস স্থাপন করা হবে।

১. আর্সেনিক দূষণ যে সব এলাকায় গভীর ও অগভীর একুইফার (Aquifer) কর্দমস্তর দ্বারা বিভক্ত সে সকল এলাকায় বেনটোনাইট (Bentonite) ক্লেসিলিংসহ গভীর নলকূপ স্থাপন করা হবে।
২. দেশের উপকূলীয় অঞ্চলে গভীর নলকূপ কৃতকার্য বিধায় ঐ সকল এলাকায় বেনটোনাইট (Bentonite) ক্লেসিলিংসহ গভীর নলকূপ স্থাপন করা হবে।
৩. আর্সেনিক দূষণ যে সব এলাকায় গভীর ও অগভীর একুইফার বিভক্ত করার কর্দমস্তর সম্পর্কে কোন নির্ভরযোগ্য তথ্য নেই এরুপ এলাকায় প্রথমে রিংওয়েল ও পিএসএফ স্থাপনের চেষ্টা করা হবে।
৪. আর্সেনিক দূষণ এলাকায় যদি রিংওয়েল ও পিএসএফ স্থাপন প্রযুক্তিগত ভাবে বাস্তব সম্মত না হয় তাহলে ঐ সকল এলাকায় গভীর নলকূপ স্থাপন সংক্রান্ত প্রটোকল অনুযায়ী গভীর হস্তচালিত নলকূপ স্থাপন করা হবে। গভীর নলকূপের সিলিং পদ্ধতি সঠিক হতে হবে যাতে উপরস্থ পানির স্তরের আর্সেনিক দূষিত পানি নিম্নের গভীর Aquifer এর নিরাপদ পানির সাথে মিশে দূষিত করতে না পারে।

**নতুন পানির উৎস স্থাপনের ক্ষেত্রে পানির গণগতমান এর সাথে ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল প্রদানের বিষয়টি বিযুক্তকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন**

পানির উৎস স্থাপনের ক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল প্রদানের সাথে নলকূপের পানির গুনগতমানের বিষয়টি বিযুক্তকরণ সম্পর্কিত গাইড লাইন (Guidelines and Recommendation on delinking Contractor`s Payments for Water Quality Results) অত্র দপ্তরের স্মারক নং ৪২১৬(১২০), তারিখ: ২৩/০৪/২০১৩ মোতাবেক জারী করা হয়েছে। উক্ত গাইড নিম্নে বর্ণিত হলো:-

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলীর তত্ত্বাবধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জেলা অফিস এলাকা ভিত্তিক পানির উৎসের প্রযুক্তি চিহ্নিত করবে। অতঃপর জেলা অফিস ইউনিয়ন/ ওয়ার্ড ভিত্তিক নলকূপের গড় গভীরতা নির্ণয় করবে। এক্ষেত্রে কোন জটিলতা/ সমস্যা দেখা দিলে সার্কেল পর্যায়ে নিরসনের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। সমস্যাটি সার্কেল পর্যায়ে নিস্পত্তি সম্ভব না

হলে গ্রাউন্ড ওয়াটার সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে অধিদপ্তরের টেকনিক্যাল কমিটির নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে। ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক গড় গভীরতার ভিত্তিতে দরপত্র দলিল প্রণয়ন করতে হবে।

২. সংশ্লিষ্ট উপকারভোগীদেরকে অভীষ্ট গভীরতার বিষয়টি অবগত করতে হবে।

৩. নির্দিষ্ট নলকূপের গভীরতা অভীষ্ট গভীরতার ±১০% গ্রহণ করা যাবে। তবে পরিমাপকৃত ও রেকর্ডকৃত গভীরতার মধ্যে যেন কোন তারতম্য না থাকে তা নিশ্চিত করতে হবে।

৪. মাঠ পর্যায়ের তত্ত্বাবধানে ও পরিদর্শনের মাধ্যমে নিম্নলিখিত বিষয় গুলো নিশ্চিত করতে হবে।
ক) স্ট্রেইনার সঠিক গভীরতায় বসানো;
খ) নলকূপের উন্নয়ন ও প্লাটফরম নির্মাণ;
গ) সঠিকভাবে পানির নমুনা সংগ্রহ এবং ফিল্ড কিটের দ্বারা আর্সেনিক টেষ্ট;
ঘ) আইডি প্লেট স্থাপন;
ঙ) সকল রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ ও অধিদপ্তরের MIS/GIS ইউনিটে প্রেরণ।

৫. অভীষ্ট গভীরতায় স্থাপিত যে সকল নলকূপের পানির গুণগতমান গ্রহণযোগ্য হবে না ঐ সকল নলকূপের জন্য এডিপিতে পৃথক বরাদ্দ রাখতে হবে। এক্ষেত্রে স্থান নির্ধারণ প্রক্রিয়া অনুসরণ করার প্রয়োজন হবে না। তবে বিষয়টি ওয়াটস্যান কমিটিকে অবহিত করতে হবে এবং এর জন্য সহায়ক চাঁদা সংগ্রহ করতে হবে।

৬. প্রতি অর্থবছরের সেপ্টেম্বর মাসের মধ্যে পানির উৎস স্থাপনের কাজ শুরুর প্রচেষ্টা গ্রহণ করতে হবে যাতে করে যথাযথ তত্ত্বাবধান ও পরিদর্শনের মাধ্যমে এর গুণগতমান নিশ্চিত করা যায়।

**পানির গুণগতমান পরীক্ষা এবং নমুনা সংগ্রহ সংক্রান্ত গাইডলাইন**

পানির গুণগতমান পরীক্ষা এবং নমুনা সংগ্রহ সংক্রান্ত গাইডলাইন (Guidelines and Recommendation on the Process of Testing Water Quality in DPHE Laboratories for newly Installed Water Points) সংশ্লিষ্ট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক সুপারিশ করা হয়েছে। লাইন নিম্নে বর্ণিত হলো:-

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানির গুণগতমান পরিবীক্ষণ ও সার্ভিলেন্স সার্কেল (WQMSC)-জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত সকল পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষার সার্বিক দায়িত্ব পালন করবেন।

২. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ অর্থ বছরের শুরুতেই প্রকল্পের আওতায় স্থাপিতব্য পানির উৎসের সংখ্যা সম্পর্কে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন পানির গুণগতমান পরিবীক্ষণ ও সার্ভিলেন্স সার্কেলের (WQMSC) তত্ত্বাবধায়ক প্রকৌশলী-কে অবহিত করবেন। স্থাপিতব্য উৎসের পানির গুণগতমান পরীক্ষার জন্য প্রয়োজনীয় তহবিল (HPD বোতল সহ) অর্থ বছরের শুরুতেই সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃক বরাদ্দ করা হবে। নমুনা সংগ্রহ সংক্রান্ত সকল ব্যয় প্রকল্প হতে নির্বাহ করা হবে।

৩. মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীদের চাহিদার ভিত্তিতে WQMSC কর্তৃক নমুনা সংগ্রহের জন্য Acidified/ non acidified HDP বোতলসহ সরবরাহ করা হবে যা নির্বাহী প্রকৌশলীগণ উপজেলা অফিসে বিতরণ করবেন। উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মেকানিকগণের সহায়তায় যথাযথভাবে নমুনা সংগ্রহ করে নির্বাহী প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলী পরীক্ষার জন্য আঞ্চলিক পরীক্ষাগারে প্রেরণ করবেন। উল্লেখ্য নমুনা সংগ্রহের বোতলে অবশ্যই “Water Point ID” এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিমাপকৃত গভীরতা লিপিবদ্ধ থাকতে হবে।

৪. নমুনা সংগ্রহের সময় ফিল্ড টেষ্ট কিট দ্বারা মেকানিকগণ পানির গুণগতমান বিশেষত: আর্সেনিকের উপস্থিতি পরীক্ষা করবেন। প্রাপ্ত ফলাফল উপজেলা অফিসে সংরক্ষণ করতে হবে।

৫. পরিকল্পনা সার্কেল নতুন ডিপিপি প্রণয়নকালে স্থাপিত পানির উৎসের পানির নমুনা সংগ্রহ ও গুণগতমান পরীক্ষার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখবে এবং গুণগতমান পরীক্ষার জন্য নলকূপ মেকানিক-কে প্রয়োজনীয় ব্যয় (সম্মানী/ ভাতা) পরিশোধের পদ্ধতি প্রণয়ন করবে। এছাড়া পরীক্ষিত পানির উৎসের মধ্য হতে ৫%-১% পানির উৎসের গুণগতমান পুন:পরীক্ষার জন্য সংশ্লিষ্ট প্রকল্পের সংস্থান রাখবে।

৬. আঞ্চলিক ল্যাবরেটরী পানি পরীক্ষার সকল তথ্য সংরক্ষণ করবে এবং কেন্দ্রীয় ল্যাবরেটরী সংশ্লিষ্ট প্রকল্প অফিস ও নির্বাহী প্রকৌশলীকে তথ্যাদির কপি প্রেরণ করবে। কেন্দ্রীয় ল্যাবরেটরী উক্ত সকল তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে এমআইএস ইউনিটে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবে। উল্লেখ্য, সংরক্ষিত তথ্য অবশ্যই WPID অনুযায়ী হতে হবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কেন্দ্রীয় ল্যাবরেটরী হতে প্রতিবছর একটি বার্ষিক প্রতিবেদন সেপ্টেম্বর-অক্টোবরের মধ্যে প্রকাশ করতে হবে।

## Contribution money

| Sl. No | Technological Option Of Rural Water Supply | Approximate Cost(Taka) of Installation | Contribution money for the option from the Users (Taka) |
|---|---|---|---|
| 1 | Shallow Tubewell | 22000 | 1500.00 |
| 2 | Deep Tubewell (No. 6 Pump) | 82000 | 7000.00 |
| 3 | Tara (Shallow) | 36000 | 2500.00 |
| 4 | Tara (Deep) | 93000 | 7000.00 |
| 5 | Ring Well | 90000 | 3500.00 |
| 6 | Pond Sand Filter (PSF) | 66000 | 4500.00 |
| 7 | SST/VSST | 23000 | 2500.00 |
| 8 | Rain water Harvesting System | 42000 | 1500.00 |

# <u>তথ্য প্রাপ্তির আবেদনপত্র</u>

১। আবেদনকারীর নাম : ---------------------------------------------------------------------------

পিতার নাম : ---------------------------------------------------------------------------

মাতার নাম : ---------------------------------------------------------------------------

বর্তমান ঠিকানা : ---------------------------------------------------------------------------

স্থায়ী ঠিকানা : ---------------------------------------------------------------------------

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও
মোবাইল ফোন নম্বর (যদি থাকে) : ---------------------------------------------------------------------------

পেশা : ---------------------------------------------------------------------------

২। কি ধরনের তথ্য
(প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) : ---------------------------------------------------------------------------

৩। কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী (ছাপানো/
ফটোকপি/লিখিত/ ই-মেইল/ ফ্যাক্স/
সিডি অথবা অন্য কোন পদ্ধতি) : ---------------------------------------------------------------------------

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : ---------------------------------------------------------------------------

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা : ---------------------------------------------------------------------------

৬। তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ও ঠিকানা : ---------------------------------------------------------------------------

৭। আবেদনের তারিখ : ---------------------------------------------------------------------------

আবেদনকারীর স্বাক্ষর

# <u>আপীল আবেদনপত্র</u>

১। আবেদনকারীর নাম ও ঠিকানা
(যোগাযোগের সহজ মাধ্যমসহ) : ------------------------------------------------------------------------------------------

২। আপীলের তারিখ : ------------------------------------------------------------------------------------------

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার নামসহ
আদেশের বিবরণ (যদি থাকে) : ------------------------------------------------------------------------------------------

৪। যার আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার নামসহ
আদেশের বিবরণ (যদি থাকে) : ------------------------------------------------------------------------------------------

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ : ------------------------------------------------------------------------------------------

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ
হবার কারণ (যদি থাকে) : ------------------------------------------------------------------------------------------

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি : ------------------------------------------------------------------------------------------

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন : ------------------------------------------------------------------------------------------

৯। অন্য কোন তথ্য যা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য
আপীলকারী ইচ্ছা পোষণ করেন : ------------------------------------------------------------------------------------------

আবেদনকারীর স্বাক্ষর

## আরো তথ্যের জন্য যোগাযোগ


১) জনাব মোঃ সাইফুর রহমান, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
ফোনঃ ০২-৫১৩০৭৫২; ই-মেইলঃ ce.dphe@gmail.com

২) জনাব তুষার মোহন সাধু খাঁ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৯৩৪৩৩৬১; ই-মেইলঃ addlce.planning@dphe.gov.bd.

৩) জনাব মোঃ আনোয়ার ইউসুফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা সার্কেল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৫৫১৩০৭৪৯; ই-মেইলঃ se.pc@dphe.gov.bd.

৪) শর্মিষ্ঠা দেবনাথ, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জরীপ অনুসন্ধান ও গবেষণা বিভাগ, ঢাকা।
ফোনঃ ০২-৫৫১৩০৫২৪; ই-মেইল ঃ ee.sir@dphe.gov.bd.

৫) জনাব খন্দকার এ এইচ মাহমুদ, প্রোগ্রামার, জি আই এস ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
ফোনঃ ০২-৫৮৩১৩৮৯৬; ই-মেইলঃ postbox0191@yahoo.com



প্রকাশনায়
জরীপ অনুসন্ধান ও গবেষণা বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।